banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

MATHS – SSC (CGL)
ABHINAY SIR (Delhi)
Batch Start - 18th Dec (Kolkata)
ADVANCE + ARITHMETIC
WBCS / BANK / RLY
Monthly-1000 / FOOD SI @ 999/-
9748914137

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

Best Training For
WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
© 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

বর্ষ ৩৯ সংখ্যা ১৯ কলকাতা শুক্রবার, ১৪ ডিসেম্বর ২০১৮/১

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

২৮ অগ্রহায়ণ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৪৩২৯

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৪,৩২৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেল। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলের একাধিক ইউনিটের ডিভিশন ও ওয়ার্কশপে এক বছরের ট্রেনিং দেওয়া হবে মেশিনিস্ট, ওয়েল্ডার, ফিটার, ডিজেল মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, লাইনম্যান, পেইন্টার, কার্পেন্টার, রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক-সহ বিভিন্ন ট্রেডে। এই প্রশিক্ষণের নোটিফিকেশন নম্বর: NF/ACT APPRENTICES/01/2018.

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ম্যাসন ট্রেডের ক্ষেত্রে ম্যাসন বিল্ডিং কনস্ট্রাক্টর, লাইনম্যান ট্রেডের ক্ষেত্রে ওয়্যারম্যান বা ইলেক্ট্রিশিয়ান ট্রেড গ্রাহ্য হবে। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স ট্রেডের ক্ষেত্রে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম

এরপর সাতের পাতায়

# মাজাগন ডকে ৭৮৮

## কম্পোজিট ওয়েল্ডার, স্ট্রাকচারাল ফেব্রিকেটর, ইলেক্ট্রিশিয়ান

৭৮৮ জন কর্মী নিয়োগ করবে মাজাগন ডক শিপবিল্ডার্স। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। ২ বছরের চুক্তিতে নিয়োগ হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, স্ট্রাকচারাল ফেব্রিকেটর, কম্পোজিট ওয়েল্ডার, পাইপ ফিটার, ইউটিলিটি হ্যান্ড-সহ বিভিন্ন পদে। ট্রেনি পদের ক্ষেত্রে ২ থেকে ৪ মাসের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HR-REC-NE/FT/87/2018.

**শূন্যপদের বিবরণ:** কম্পোজিট ওয়েল্ডার: ২২৮টি (সাধারণ ১১২, তফসিলি জাতি ২৯, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ৬১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। সঙ্গে ওয়েল্ডার অথবা ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

**স্ট্রাকচারাল ফেব্রিকেটর:** ১৮৭টি (সাধারণ ৯৩, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ৪৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা

এরপর পনেরোর পাতায়

# নেভিতে ৫০০ নাবিক

**শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক**

ট্রেনিং দিয়ে ৫০০ জন নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। প্রশিক্ষণ হবে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস (এএ) অগস্ট ২০১৯ ব্যাচে। শুধুমাত্র অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং শুরু হবে ২০১৯-এর অগস্ট মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। সাঁতার, খেলাধুলায় আগ্রহ থাকলে অগ্রাধিকার।

**জন্মতারিখ:** ১-৮-১৯৯৯ থেকে ৩১-৭-২০০২-এর মধ্যে হতে হবে।

এরপর সাতের পাতায়

# নৌবাহিনীতে ২৫০০ নাবিক

## বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিকরা আবেদন করতে পারেন

প্রশিক্ষণ দিয়ে ২,৫০০ নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুট' এন্ট্রিতে নিয়োগ হবে। শুধু অবিবাহিত ছেলেরা আবেদন করবেন। ট্রেনিং শুরু হবে ২০১৯-এর অগস্ট মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। অপশনাল বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স নিয়ে পড়ে থাকতে হবে।

**জন্মতারিখ:** ১-৮-১৯৯৮ থেকে ৩১-৭-২০০২-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে।

প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। তালিকাভুক্ত প্রার্থীদের কম্পিউটার বেসড পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে বাছাই করা হবে।

পরীক্ষায় ইংরেজি, সায়েন্স, অঙ্ক ও

এরপর চোদ্দোর পাতায়

# বরোদা ব্যাঙ্কে ৭০০

## স্পেশ্যালিস্ট অফিসার

৭০০ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে সেলস বিভাগে ওয়েলথ ম্যানেজমেন্ট সার্ভিসেস পদে, জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। শুরুতে এক বছরের প্রবেশন। ব্যাঙ্কের নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১১-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৩,৭০০-৪২,০২০

এরপর পনেরোর পাতায়

# নৌবাহিনীতে ৪০০

## স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট

ট্রেনিং দিয়ে ৪০০ জন স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ হবে ম্যাট্রিক রিক্রুট ক্যাটেগরিতে। ট্রেনিং শুরু হবে ২০১৯-এর অক্টোবর মাসে। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। শেফের ক্ষেত্রে মেনু অনুসারে আমিষ ও নিরামিষ খাবার প্রস্তুত করা ও রেশনের হিসাব রাখার কাজ করতে হবে। স্টুয়ার্ডের ক্ষেত্রে ওয়েটার ও হাউসকিপিং স্টাফ হিসেবে অফিসার্স মেসে খাদ্যদ্রব্য-পানীয় সরবরাহ করতে হবে। হিসাবপত্র রাখা, খাবারের মেনু তৈরি ও গুদামের হিসেবও রাখতে হবে। হাইজিনিস্টের ক্ষেত্রে টয়লেট পরিষ্কার-সহ সাফাইওয়ালার কাজ করতে হবে।

**জন্মতারিখ:** ১-১০-১৯৯৮ থেকে ৩০-৯-২০০২-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭

এরপর পনেরোর পাতায়

# এয়ারফোর্সে এয়ারম্যান

বেশ কিছু এয়ারম্যান নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে গ্রুপ 'এক্স' (এডুকেশন ইনস্ট্রাক্টর ট্রেড ছাড়া) এবং গ্রুপ 'ওয়াই' (অটোমোবাইল টেকনিশিয়ান, গ্রাউন্ড ট্রেনিং ইনস্ট্রাক্টর, ইন্ডিয়ান এয়ারফোর্স-পুলিশ, ইন্ডিয়ান এয়ারফোর্স-সিকিউরিটি, মিউজিশিয়ান ট্রেড ছাড়া) ট্রেডে। শুধুমাত্র অবিবাহিত পুরুষরাই আবেদন করবেন। ট্রেনিং হবে ১/২০২০ কোর্সে।

**শিক্ষাগত যোগ্যতা:** গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে: অঙ্ক ও ফিজিক্স-সহ

এরপর চোদ্দোর পাতায়

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
বিস্তারিত ১৫ পাতায়



এবার হোক
রাইটার্স অভিযান
-মিছিলে হেঁটে নয়,
কলমের জোরে
সরকারি চাকরির সেরা প্রস্তুতি ও পরীক্ষার যাবতীয় খুঁটিনাটি সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন ACE-এর নিকটবর্তী সেন্টারে।
Exam Covered by ACE
P.S.C. | Bank | SSC | RAIL | LIC/GIC | SCHOOL SERVICE | DEFENCE
COURT | UPSC | WBCS | POLICE | INDIAN POST
ACE Ascensive Institute for Competitive Exams
A subsidiary unit of Ascensive Educare Pvt. Ltd.
Arambagh - 8336902897
Amtala - 6290450570
Barasat - 8336902888
Chandannagar - 8336902885
Uttarpara - 8335069102

JOB VACANCY JOB VACANCY JOB VACANCY
Positions:- Counsellor | Front Office | Tele-Caller & Back Office
Placement Co-Ordinator | Trainer (Hardware & Networking, Accounts, Automobile, Hospitality, Soft Skills & Personality Development, Competitive Studies) | Marketing Executive | Centre Head | Office Boy
অ্যাসেনসিভ এডুকেয়ার
Ascensive Educare Pvt. Ltd.
Training Partner of NSDC
E-mail your CV with mentioning current location
career@aimetr.com | 8336902881

# নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে ৩১০ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

৩১০ জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট ও স্পেশ্যালিস্ট) নেবে নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্স কোম্পানি। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি সংস্থা। স্পেশ্যালিস্ট নিয়োগ করা হবে লিগাল এবং ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস শাখায়। নিয়োগ হবে স্কেল-ওয়ানে। ১ বছরের প্রবেশন। লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কলকাতায় একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CORP.HRM/AO/2018.

মোট শূন্যপদ: ৩১০টি। জেনারেলিস্ট: ২৪৫টি (সাধারণ ১৩৭, তফসিলি জাতি ৩৯, তফসিলি উপজাতি ২০, ও বি সি ৫৯)। এর মধ্যে অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ২টি করে, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৩টি এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। লিগাল: ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস: ৩৫টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেলিস্ট শাখার ক্ষেত্রে যে কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। লিগাল শাখার ক্ষেত্রে আইনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। ফিনান্স ও অ্যাকাউন্টস শাখার ক্ষেত্রে এম কম অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্টেন্সি বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্সি কোর্স পাশ। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে অন্তত ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১২-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা হবে দু'পর্যায়ে— ফেজ ওয়ান ও ফেজ টু। ফেজ-ওয়ানের পরীক্ষা ৩০ জানুয়ারি। পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর)। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষা হবে দু'পর্যায়ে। প্রথম পর্যায়ে প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, রিজনিং, জেনারেল

এরপর চোদ্দোর পাতায়

প্রিয় বন্ধুরা

এই পত্রিকাটির বর্তমান মূল্য যা রয়েছে তাতে সকলেই এটি ক্রয় করতে সক্ষম , তাই সকলের কাছে অনুরোধ পত্রিকাটি ক্রয় করে পড়ুন এবং পত্রিকার প্রকাশক গোষ্ঠীকে তাদের পর্যাপ্ত মূল্য দিন ।

পত্রিকাটি শুধুমাত্র তাদের জন্য শেয়ার করা হচ্ছে যাদের কাছে পত্রিকাটি পৌঁছে ওঠে না । পিডিফ টি কোনোরকম ব্যবসায়িক ক্ষেত্রে ব্যবহার করার জন্য নয় । শুধুমাত্র শিক্ষামূলক কাজে ব্যবহার করার জন্য ।

কারোর কোনোরকম সমস্যা /অভিযোগ অথবা মতামত থাকলে মেইল করুন

**Email - help.ekdn@gmail.com**

Created in Master PDF Editor

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৯ সংখ্যা ১৯ □ ১৪ ডিসেম্বর ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### বিজনেস ডেভেলপার/শিক্ষক চাই

১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) ইলেক্ট্রিক্যাল ৪) মোবাইল রিপেয়ারিং ৫) টেলারিং ৬) ফ্রিজ, এসি ৭) বিউটিশিয়ান ৮) নার্সিং ৯) প্লাম্বিং ১০) CITA & DTP ১১) LCD / LED ১২) সিভিল ড্রাফটসম্যান ১৩) কম্পিউটার হার্ডওয়্যার। ইয়ুথ ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, অফিস: ৬৪, জেমস লং সরণি, জোকা, কোল-১০৪। 86972-61085 / 93318-58230 বারুইপুর: 90078-70999.

□

**DISHA CORPORATE**
**Govt. Reg. No.: WB07D0004754**
**AN ISO 9001 : 2015 Certified**
**Mob. No.: 89022-19301**

সরকারি পে রোলের নিয়মানুসারে BANK (DSA) BRE-সহ AIRPORT METRO RAIL ও SHIPPING CORPORATION-এ লিখিত গ্যারান্টি-সহ ১৪২ জন M/F নিয়োগ করা হচ্ছে। এছাড়া বিভিন্ন ATM BANK ও 4G JIO টাওয়ার গার্ড, সুপারভাইজার, ইনচার্জ সত্বর প্রয়োজন। বেতন: (১৮,৭০০/- – ৪৮,৩৯০/-), বয়স: ১৮-৪০। যোগ্যতা (৮ম - M. Com), ১৭/এ/৩ বি সি রায় সরণি, রিষড়া-হুগলি।

□

পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় ATM গার্ড, 4G টাওয়ার গার্ড, SV, অফিসবয়, পিওন, টেলিকলার পদে কর্মী চাই। বেতন: (11,500/- – 16,500/-. R. S., 11/C, R. B. L. Kol-09. M: 84364-85750.

□

কর্মক্ষেত্র-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৫ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।
□□□
২৮ ডিসেম্বর কর্মক্ষেত্র-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 বর্ধমান ও ডানকুনি: 70441-97742 শ্যামবাজার ও শিয়ালদহ: 74497-02185 ব্যারাকপুর ও সোদপুর: 84202-17726 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও বালিগঞ্জ: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 86975-95917 Need Counseling, ডানলপ-108.

□

### সঠিক জায়গায় ফোন করে কাজ নিয়ে যান। স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ 4 দিনের মধ্যে নিজের জেলায় স্থায়ী কাজ

**Govt. Regd. L. No. EWK 09278**

সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি M/F নিয়োগ চলছে। এছাড়া LTD. PVT. কোম্পানি-সহ 4G Tower-এ লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500-42,700). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের সুবিধা-সহ থাকা-খাওয়া ফ্রি। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন: P. Corporate, 408 J. D. Rd, Majherpara-Ichapore. M: 97328-90961.

□

### চাকরির শূন্যপদের বিজ্ঞপ্তি

হুগলি: ১৭৩, উঃ + দঃ ২৪ Pgs-219, হাওড়া-১১৪, পূঃ + পঃ মেদিনী-৩০৯, নদিয়া-৭৬, বর্ধমান-১২০, বীরভূম-১৪৫, বাঁকুড়া-৯২, মুর্শিদাবাদ-১৫২, মালদা-১২৩ সহ অন্যান্য জেলায় অতিরিক্ত-891 জন নিয়োগ হবে। অফিসিয়াল বিভিন্ন পদে ATM, টাওয়ার 4G, শপিং মল, BANK (DSA), MNC-তে। যোগ্যতা: (৪র্থ-উচ্চশিক্ষিত)। বেতন: 11,700/- – 29,500/-, লাইসেন্স নং S/IL-285 PF ও ESI-এর সুবিধা-সহ স্থায়ী কাজ। D.J.S. ডালহৌসি, কলি-১। M: 97343-13638 / 86954-99063.

□

SBI Govt. ব্যাঙ্ক / HDFC / UCO ব্যাঙ্ক/ Banking কালেকশন কাজে সরাসরি অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী M/F (18-34) শীঘ্রই নিয়োগ। বেতন: 10,812/- – 35,550/- (INC + OT + TA) W2C, Kol-56. বেলঘরিয়া/দমদম 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর / কল্যাণী: 91632-90343 বারুইপুর / সোনারপুর: 98755-52728.

□

Wanted Math Teacher for WBBSE English Medium School Sopan Academy at Naihati. Contact: 90073-41650.

□

## কর্মখালি

### ইঞ্জিনিয়ার চাই

বেলঘরিয়াতে সিভিল ডিপ্লোমা, বিল্ডিংয়ে কাজ জানা অভিজ্ঞ আসানসোল মুর্শিদাবাদ ও বেলঘরিয়ায় মোবাইল রিপেয়ারিংয়ে দক্ষ শিক্ষক চাই। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া। ফোন: 98300-84759.

□

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/-+ থাকা + খাওয়া + টিপস। বয়স: 30-এর মধ্যে। Career Hub, 7A, R. M. Lane, Kol-25. 92319-65679.

□

### হোটেলে চাকরি

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

Pvt. ব্যাঙ্ক এবং Jr. Accounts Deparment-এ প্রচুর প্রার্থী চাই। Central এবং North Kolkata: 99038-54218 Howrah এবং South Kolkata: 96744-11851 MK Carrier & Services, 76 B.B.Ganguly St, Kol-12.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব। স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-40, D.J.S.C. বালিগঞ্জ ফাঁড়ি মোড়, কোল-19, (M): 83718-73424.

□

### Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

□

### স্টার হোটেলে 6-17,500/-

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

বাংলা মাধ্যম এবং ইংরেজি মাধ্যমে বিজ্ঞান, ভূগোল, ইতিহাস পড়াতে সক্ষম এইরকম আবাসিক ও অনাবাসিক শিক্ষক/শিক্ষিকা চাই। এছাড়াও রান্নার লোক এবং মন্দিরের পূজারী চাই। যোগাযোগ- কর্মসচিব, রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, ৭নং রিভারসাইড রোড, ব্যারাকপুর, পিন-৭০০ ১২০। E-mail-rkvmbkp@vsnl.net

□

CIVIL DIPLOMA BUILDING-এ কাজ জানা অভিজ্ঞ ছেলে চাই। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া-98300-84759.

□

## কর্মখালি

### Airport, মেট্রোরেল ও প্রাইভেট Bank (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং, Govt. Regd. L. No. WB-05271

**M: 83481-45670**

স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ কোনওরকম ডোনেশন ছাড়াই উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি কোম্পানির Direct পে-রোলে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,500/-), OT, PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়া ফ্রি। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। P.C, J. D. Rd, PGS-24, 743144.

□

### বিনা ডোনেশনে সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ফোন করুন: 7872167932

গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L. No-EWK 70082) অফিস দিচ্ছে সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও P.V.T BANK DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: (8,900/- – 37,800/-), এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি। যোগাযোগ M: 70766-75198. B. C., 162/1C বেলেঘাটা, কোল-85.

□

Jio / Airtel / SBI কাস্টঃ কেয়ারে বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,500/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 96747-95345, উঃ/দঃ ২৪ পরগনা: 98301-20692, মেদিনীপুর: 86975-12461.

□

### শীঘ্রই যোগাযোগ করুন

যোগ্যতার ওপর বিচার করে ATM, শপিং মল, BANK (DSA), টাওয়ার, Dish TV, প্রাইভেট Co.-তে 11,200/- – 28,700/-) বেতনে OFFICIAL বিভিন্ন পদে প্রতিটি জেলায় ESI + PF-সহ স্থায়ী কাজে M/F চাই। জয়েনিং হবে 3-4 দিনের মধ্যে। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7. www.gcagroup.co.in 87687-62505 / 77186-37129.

□

জেলায় জেলায় স্থায়ী কাজ 3G, 4G টাওয়ার Co., ATM, গার্ড, Pvt. Co ফ্যাক্টরি, শপিং মল, নার্সিং হোমে কাজের জন্য কর্মী চাই। বেতন: (১১,৫০০/- – ১৬,৫০০/-)। R. J. S., R. B. Lane, Kol-09, (M): 83487-27948.

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

### এয়ারপোর্ট ও মেট্রো

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 49,300/-. এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-40, D.J.S, হাওড়া, শিবপুর, M: 83719-21244.

□

### স্থায়ী কাজ

সরকারি নিয়মানুসারে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ও BANK (DSA) সংস্থায় সম্পূর্ণ বিনা ডোনেশনে স্থায়ী পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,200/- – 34,200/-. M: 70634-28748. S. J. S, A. S. L. Kol-10.

□

### নির্দিষ্ট কাজ নো ডোনেশন

**LN-20289**

পঃ বঙ্গের প্রত্যেক জেলায় প্রচুর কাজের ছেলে প্রয়োজন। S/V, স্টোরকিপার, পিওন, ক্লার্ক, ATM গার্ড, কম্পিউটার অপারেটর, ইনচার্জ পোস্টে ছেলে প্রয়োজন। বেতন: 8,900/- – 26,600/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। শীঘ্র যোগাযোগ করুন: A. J., বেলঘরিয়া, Kol-56, M: 85099-82928.

□

### পার্মানেন্ট জব

গভঃ স্বীকৃত সরকারি নিয়মানুসারে উঃ বঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার কর্মপ্রার্থীদের কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো রেল ও ব্যাঙ্ক (DSA) সংস্থায় M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 17,500/- – 42,700. M: 96797-48298, S. J. S, 44/1, Abinash Lane, Kol-10.

□

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি

শহর থেকে গ্রামে প্রত্যেক কর্মপ্রার্থীদের বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোতে চাকরি। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 49,700/-, বয়স: 18-45, D. L. C, সল্ট লেক, কলি-64, M: 83709-56124.

## স্কুল-কলেজ শিক্ষা

### প্যারামেডিকেল ও নার্সিং

RMP (অ্যালো ও হোমিও), DMLT (প্যাথোঃ) DPT (ফিজিও), ECG ও ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। DMLT ও ANM ট্রেনিং শেষে চাকরি নিশ্চিত। ক্লাস: শনি ও রবি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফরচন্দ্র স্কুলের বিপরীতে। 82729-11322 / 89813-66250.

□

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

Math & Eng সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক Gr-D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, Alakesh Sir: 98360-45234.

□

WBCS সোনারপুর WBCS 110টি কমন না পেলে 50% টাকা ফেরত। মৃণালস্যার, 90077-36900 / 74496-99897.

□

১৮ মাসের নার্সিং ট্রেনিং কোর্সে কমপক্ষে মাধ্যমিক পাশ অনূর্ধ্বা ২৮ বৎসরের মহিলা প্রার্থী (অবিবাহিতা/বিধবা/বিবাহ বিচ্ছিন্না) আবশ্যক। মাসিক Stipend ও থাকার Hotel আছে। ২০৲ মূল্যের নির্ধারিত ফর্মে ৩০/১২/২০১৮-এর মধ্যে আবেদন করুন। যোগাযোগ: শ্রীরামকৃষ্ণ মাতৃমঙ্গল প্রতিষ্ঠান, ১১২, এম. এম. ফিডার রোড, আড়িয়াদহ, কলকাতা-৭০০ ০৫৭, দূরভাষ: ২৫৬৪-৭৫৮২।

## ব্যবসা-বাণিজ্য

### স্বনির্ভর আয়ের সুযোগ

সরকারি ও বেসরকারি বিভিন্ন ব্যাঙ্কিং সংস্থার পোর্টাল নিয়ে আয় করুন। Govt. NPS, PAN Agent দেওয়া হয়। টেলি: ৮৬৯৭১-৭৭১৪৬, ৯৮৭৫৩-৬৬৮০৬। APNACSC Regd. Office- 26 Deshbandhu Sarani, Nalta. P. O- Dum Dum, Pin-700 028.

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'-র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'-র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

### কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা

**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in

**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# নুডলস তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** ছোট-বড় সকলের কাছেই নুডলস একটি প্রিয় খাদ্য। সারাবছরই চাহিদা থাকে। নুডলস তৈরির মেশিন ছাড়াও লাগবে মিক্সচার মেশিন, বয়লার মেশিন, ড্রায়ার, প্যাকিং মেশিন এবং ওজন করার মেশিন।

**কীভাবে করবেন:** নুডলস তৈরির প্রধান কাঁচামাল হল ময়দা। ভেজিটেবল নুডলসের জন্য শুধু ময়দার প্রয়োজন হয়। নন-ভেজিটেবল নুডলসের ক্ষেত্রে ডিম মেশানো যেতে পারে। প্রথমে মিক্সচার মেশিনে জল দিয়ে ময়দা শুকনো করে মেখে নিতে হবে। এই মেশিনে একসঙ্গে ৫০ কেজি পর্যন্ত ময়দা মাখা যায়। নুডলস তৈরির মেশিনের ওপরের দিকে দুটি স্টিলের রোলার থাকে। রোলার দুটির মধ্যে মিশ্রণটিকে ঢুকিয়ে দিতে হবে। এরপর মেশিন চালু করলে তা চাদরের মতো হবে। এবার মেশিনের খাঁজকাটা পিতলের রোলারে ময়দার চাদর দিয়ে দিলে, রোলারের মধ্য দিয়ে যাওয়ার সময় সরু ফালি ফালি হয়ে নীচের দিকে নামতে থাকে। পছন্দমতো মাপ অনুযায়ী চাউমিনের ফালি কেটে নিতে হবে। এবার বয়লারে চাউমিন ভাপিয়ে নিতে হবে। এর ফলে চাউমিন ভাঙবে না বা গুঁড়ো হবে না। সবশেষে ড্রায়ারে শুকিয়ে নিয়ে ওজন করার মেশিনের সাহায্যে ওজন করে প্যাকিং মেশিনের সাহায্যে প্যাকেটজাত করে বাজারে বিক্রি করতে পারেন।

মিক্সচার মেশিন এবং নুডলস তৈরির মেশিনের প্রত্যেকটির জন্য ২ হর্সপাওয়ার করে মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মিক্সচার মেশিনের দাম পড়বে ১৮,০০০ টাকা, স্টেনলেস স্টিলের মিক্সচার মেশিন হলে দাম পড়বে ৩৫,০০০ টাকা। মোটর সমেত নুডলস তৈরির মেশিনের দাম পড়বে ৩৮,০০০ টাকা। বয়লারের দাম ৮,০০০ টাকা, ড্রায়ারের দাম ৪০,০০০ থেকে ৮০,০০০ টাকা। ওজন করার মেশিনের দাম ৪,০০০ টাকা (২ গ্রাম থেকে ৩০ কেজি পর্যন্ত ওজন করা যাবে) এবং প্যাকিং সিলিং মেশিনের দাম ১,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *ক্যাকটাসের চারা কিনে খানিকটা বড় করে বিক্রি করতে চাই। চারা কোথা থেকে কিনতে পাব? —সহিদুল ইসলাম, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ বড় বড় নার্সারিগুলিতে ক্যাকটাসের চারা কিনতে পাবেন। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটগুলি: www.greenwave-nursery.com, www.exportersindia.com/cactus plants, www.dir.indiamart.com/cactusplants.

□ *আমাদের এলাকায় প্রচুর বাঁশ উৎপাদিত হয়। আমি কাঠের কাজ করি। হস্তশিল্প মেলায় বাঁশের তৈরি সুদৃশ্য খাট দেখেছি। বাঁশের তৈরি খাটের ভালো কদরও আছে। আমি এ ধরনের খাট তৈরি করে বিক্রি করতে চাই। তৈরির পদ্ধতি সম্পর্কে একটা ধারণা পেলে খুব ভালো হয়। কীভাবে সেটা সম্ভব? —শ্রীকান্ত মণ্ডল, দেউলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ 'How to make a bamboo bed', এই কথাগুলি গুগলে লিখে ক্লিক করলে বিভিন্ন ওয়েবসাইটে নানা ডিজাইনের বাঁশের খাটের ছবি ও তৈরির পদ্ধতি দেখতে পাবেন। বিশেষ করে দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.bambooimport.com এই ওয়েবসাইটে ধাপে ধাপে একটি বাঁশের খাট তৈরির পদ্ধতি, মাপজোক দেখতে পাবেন।

□ *দেশলাই কাঠি ও দেশলাইয়ের বাক্স তৈরির জন্য আলাদা করে কী কী লাইসেন্সের দরকার? কোথা থেকে সেই লাইসেন্স সংগ্রহ করতে হবে জানালে খুব উপকার হয়। —কৃষ্ণনাথ বর্মণ, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।*

□□ দেশলাই কাঠির বারুদ তৈরির জন্য এক্সপ্লোসিভ লাইসেন্স, নো-অবজেকশন সার্টিফিকেট এবং ক্লিয়ারেন্সের দরকার হবে। দেশলাইয়ের বাক্স ও কাঠির জন্য ফরেস্ট লাইসেন্সের দরকার হয়। এক্সপ্লোসিভ লাইসেন্সের জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়: কন্ট্রোলার অব এক্সপ্লোসিভস, ৮, এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা-৬৯। ফোন: (০৩৩) ২২৪৩-৯৩২২। ফরেস্ট লাইসেন্সের জন্য আপনার অঞ্চলের ডিভিশনাল ফরেস্ট অফিসারের সঙ্গে যোগাযোগ করতে হবে। নো-অবজেকশন সার্টিফিকেট ও ক্লিয়ারেন্সের জন্য আঞ্চলিক পুরসভায় যোগাযোগ করবেন।

□ *আমার তিন কাঠা আয়তনের একটি পুকুর রয়েছে। এই পুকুরে মৌরলা মাছের চাষ করতে চাই। চাষের পদ্ধতি জানা নেই। কোথা থেকে জানতে পারি? —বলরাম দাঁ, বাউরিয়া, হাওড়া।*

□□ আপনি নিকটবর্তী বিডিও অফিসে যোগাযোগ করুন। এখানে মৎস্য সম্প্রসারণ আধিকারিককে পাবেন। তিনিই আপনাকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ দেবেন।

□ *পাটের হস্তশিল্প সামগ্রী তৈরি শিখতে চাই। কোথায় শেখানো হয়? —তপতী লাহা, হিন্দমোটর, হুগলি।*

□□ কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি সময়ে সময়ে পাটের রকমারি হস্তশিল্প সামগ্রী তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। পরবর্তী প্রশিক্ষণ আয়োজিত হবে ৭ থেকে ২১ জানুয়ারি। বেলা ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ক্লাস। ফি ১,২০০ টাকা। দিনপ্রতি ৫০ ও ১০০ টাকার বিনিময়ে প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যায়।

ভর্তির জন্য এখনই প্রতিষ্ঠানের অফিসে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: ১২, রিজেন্ট পার্ক, কলকাতা-৪০। রানীকুঠি বাসস্টপ থেকে ২ মিনিটের হাঁটাপথ। ফোন: ৯০৬২১ ৩২৫২০।

## প্রশিক্ষণ দিয়ে সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে

# প্রবেশনারি অফিসার

প্রশিক্ষণ দিয়ে বেশ কিছু প্রবেশনারি অফিসার নিয়োগ করবে সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক। প্রশিক্ষণ দেওয়া হবে ব্যাঙ্কিং ও ফিনান্সের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে। পড়াবে মণিপাল অ্যাকাডেমি অব হায়ার এডুকেশন। পড়ানো হবে ব্যাঙ্গালোরের মণিপাল গ্লোবাল এডুকেশন সার্ভিসেসে। এক বছরের ট্রেনিং পিরিয়ড-সহ মোট ২ বছরের প্রবেশন। প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

থাকা, খাওয়া, কোর্স ফি-সহ ১ বছরের প্রশিক্ষণের খরচ সাড়ে ৩ লক্ষ টাকা। সিন্ডিকেট ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে, কোর্সটি করার জন্য এই ব্যাঙ্ক থেকে এডুকেশন লোন পাওয়া যাবে। ৮৪ মাস, অর্থাৎ সাত বছরের মধ্যে সেই টাকা শোধ করতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিকেও অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩০-১১-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন প্রথম ৮ মাস স্টাইপেন্ড হিসেবে পাওয়া যাবে মাসিক ৩,০০০ টাকা। পরবর্তী ৪ মাস সিন্ডিকেট ব্যাঙ্কের কোনও ব্রাঞ্চে ইন্টার্নশিপ চলার সময় প্রতি মাসে পাওয়া যাবে ১৫,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম: ২৩,৭০০-৪২,০২০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, পার্সোন্যাল ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন এবং জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি বিভাগে ৫০ নম্বরের প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা ২০ মিনিট। পরীক্ষা ২৯ ডিসেম্বর। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.southindianbank.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ ডিসেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। জি এস টি অতিরিক্ত। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# কোচিন শিপইয়ার্ডে ১৯০ অ্যাপ্রেন্টিস

১৯০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কোচিন শিপইয়ার্ড। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট ১৯৬১ অনুসারে বিভিন্ন ভোকেশনাল শাখা এবং আই টি আই ট্রেডে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: P&A/6(126)/17-Vol-II.

**আসনসংখ্যার বিবরণ:** ট্রেড অ্যাপ্রেন্টিস: ইলেক্ট্রিশিয়ান: ২৫টি। ফিটার: ২৫টি। ওয়েল্ডার: ২৫টি। মেশিনিস্ট: ৫টি। ইলেক্ট্রনিক মেকানিক: ৮টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৭টি। ড্রাফটসম্যান (মেকানিক): ৩টি। পেইন্টার (জেনারেল): ৫টি। মেকানিক মোটর ভেহিক্যল: ৫টি। শীট মেটাল ওয়ার্কার: ২০টি। শিপরাইট উড (কার্পেন্টার): ১০টি। মেকানিক ডিজেল: ২০টি। ফিটার পাইপ (প্লাম্বার): ২০টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক: ৫টি।

**টেকনিশিয়ান (ভোকেশনাল) অ্যাপ্রেন্টিস:** ফুড অ্যান্ড রেস্টুরেন্ট ম্যানেজমেন্ট: ৪টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং: ৩টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। ভোকেশনাল অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ।

**স্টাইপেন্ড:** ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে প্রতি মাসে ৬,২৫০ টাকা এবং ভোকেশনাল শাখার ক্ষেত্রে ৭,৫০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। মনে রাখবেন, রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতা, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে যথাযথভাবে দরখাস্ত পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# লক্ষ্মী বিলাস ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার

বেশ কিছু প্রবেশনারি অফিসার নেবে লক্ষ্মী বিলাস ব্যাঙ্ক। প্রার্থী বাছাই করার জন্য নেওয়া হবে অনলাইন পরীক্ষা। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। **বয়স:** ১-১২-২০১৮ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষার সম্ভাব্য তারিখ ২০ জানুয়ারি। ১৫০ নম্বরের পরীক্ষা প্রশ্ন হবে নিউমেরিক্যাল এবিলিটি (২০ নম্বর), অ্যানালিটিক্যাল এবিলিটি (২০ নম্বর), ভার্বাল এবিলিটি (৩০ নম্বর), কম্পিউটার অ্যাওয়ারনেস/ডিজিটাল অ্যাওয়ারনেস (১০ নম্বর), ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস (৪০ নম্বর) এবং জেনারেল নলেজ (৩০ নম্বর) বিষয়ে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lvbank.com দরখাস্তের শেষ তারিখ ৩০ ডিসেম্বর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং কালো কালিতে করা সই (উভয়ই ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পাওয়া রেজিস্ট্রেশন স্লিপেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*ভুল করলে, কোনও কাজে সফল না হতে পারলে, হতাশ হোয়ো না; যে কোনও ভুল করেনি, সে আসলে কোনও বড় কাজের উদ্যোগটাই কখনও নেয়নি।*
*— অ্যালবার্ট আইনস্টাইন*
*(প্রবাদপ্রতিম জার্মান বিজ্ঞানী)*



## পেশাদারি জগতে শান দেওয়া বোধবুদ্ধির দরকার হয়

ডঃ দীপঙ্কর বোস
প্রফেসর, ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনিক্যাল টিচার্স ট্রেনিং অ্যান্ড রিসার্চ, কলকাতা

পড়াশোনাই হোক বা চাকরিবাকরির প্রস্তুতি, যুক্তিবুদ্ধি কাজে লাগিয়ে পাঠ্যবিষয়গুলিকে সহজভাবে বুঝে নেওয়ার দরকার রয়েছে। কীভাবে পড়াশোনা করলে একটা বিষয়কে সহজে বুঝে নেওয়া যায়, সেটা আপনাকে ছকে নিতে হবে। এই ছকে নেওয়ার প্রক্রিয়াটির মধ্যে যুক্তিগ্রাহ্যতা থাকতে হবে। সমস্ত পরীক্ষাতেই এখন কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ক প্রশ্ন হয়। সাধারণত আঞ্চলিক এবং জাতীয় ও আন্তর্জাতিক স্তরের গুরুত্বপূর্ণ ঘটনাবলি-সংক্রান্ত প্রশ্ন হয় এক্ষেত্রে। প্রতিদিন পৃথিবীজুড়ে কত ঘটনা ঘটে চলেছে। কোনটি গুরুত্বপূর্ণ, আর কোনটি নয়, সেটা বেছে নেওয়ার ক্ষেত্রেও আপনাকে বোধবুদ্ধির পরিচয় দিতে হবে। খবরের কাগজ পড়বার সময়েই আপনাকে খবর বাছাই করে তার পাঠে মনোনিবেশ করতে হবে। কোনও কোনও ঘটনা বুদ্বুদের মতো উদ্ভূত হয়েই মিলিয়ে যায় না। গুরুত্বপূর্ণ বিবেচিত হলে সেই ঘটনা-পরম্পরার ওপর আপনাকে নজর রাখতে হবে। প্রয়োজনে ঘটনাবলি বিচার-বিশ্লেষণ করে নিজের মতো করে একটা মতামত গড়ে তুলতে হবে।

একজন চাকরিপ্রার্থীর যুক্তিবোধ যাচাই করার জন্য এখন প্রায় সমস্ত স্তরের চাকরির পরীক্ষাতেই রিজনিংয়ের প্রশ্ন হয়। পেশাদারি কাজে আপনাকে যুক্তির ব্যবহার করতেই হবে। যুক্তিবুদ্ধির ব্যবহার ঘটিয়েই একটা কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হয়। তাই রিজনিংয়ের দক্ষতা যাচাই হয়। প্রচুর অনুশীলনের মাধ্যমে রিজনিং বিষয়ে দক্ষ হয়ে ওঠা যায়। কিন্তু তার মানেই আপনার বোধের জায়গাটা খুব ধারালো হয়ে উঠল এমনটা বলা যাবে না। 'বোধশক্তি' বলে একটা কথা আমরা সচরাচর ব্যবহার করে থাকি। জীবনধারণের জন্য একটা সাধারণ বোধের প্রয়োজন হয় প্রতিটা মুহূর্তেই। সেই বোধটাই চর্চার মধ্য দিয়ে যখন শানিত হয়ে ওঠে, তখন সেটা একটা বিশেষ শক্তি হয়ে ওঠে। আপনি একটা বিষয় পড়ছেন, পরিচ্ছেদের পর পরিচ্ছেদ। কিন্তু একটা পরিচ্ছেদের বিষয়বস্তুর সঙ্গে আরেকটি পরিচ্ছেদের বিষয়বস্তুর যোগসূত্রটা কী, সেটা যদি না ধরার চেষ্টা করেন, তবে বিষয়টার ওপর আপনার দখল তৈরি হতে পারে না। আর, যদি, যোগসূত্রটা ধরতে ধরতে আগাগোড়া এগোতে পারেন, তবে বিষয়টি আপনার আয়ত্তে থাকবে। চাকরির পরীক্ষায়, ইন্টারভিউয়ে এমন কোনও কোনও প্রশ্ন হয়, যেগুলির উত্তরের মধ্য দিয়ে প্রার্থীর যুক্তি ও বোধশক্তির পরিচয় পাওয়া যায়। ওই বোধশক্তিটা তৈরি হয় দীর্ঘকালের বোধচর্চার অভ্যাসের মধ্য দিয়ে। পড়াশোনার সঙ্গে তাই বিষয় নিয়ে ভাবনাচিন্তা করাটাও জরুরি।

নিজের অভিজ্ঞতায় দেখেছি, পড়াশোনায় বেশ ভালো অনেক ছেলেমেয়ে ইংরেজিতে নিজের কথাটা গুছিয়ে বলতে পারেন না। চাকরির ইন্টারভিউয়ে পরীক্ষকরা যে বাংলা ভাষাটা বুঝবেনই এমনটা তো দাবি করা যায় না। ইংরেজি আমাদের দেশে একটা কমন ল্যাঙ্গুয়েজ। সুতরাং কাজের উপযোগী কথ্য ইংরেজিতে দুর্বলতা থাকলে সেই দুর্বলতাটা মেরামত করে নিতেই হবে। ধারাবাহিকভাবে একটু চেষ্টাচরিত্র করলে দুর্বলতাটা কাটিয়ে ওঠাও যায়। জোরে জোরে ইংরেজি খবরের কাগজ পড়ুন, ইংরেজি খবর শুনুন ও কথাগুলো বোঝার চেষ্টা করুন, একটা প্রশ্ন তৈরি করে জোরে জোরে তার উত্তর বলার চেষ্টা করুন। দেখবেন, আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠছেন ক্রমশ।

নিজেকে একজন উপযুক্ত চাকরিপ্রার্থী হিসেবে গড়ে তোলার দায়িত্ব আপনারই। এটা একটা ধারাবাহিক প্রক্রিয়া। খুব সচেতনভাবেই নিজেকে পেশাদারি জগতের উপযোগী করে গড়তে হয়। তৈরি হতে পারলে আপনি সফল হবেনই।

*✓ আমি ইংরেজি অনার্স পড়ছি দ্বিতীয় বর্ষে। উচ্চমাধ্যমিক পর্যন্ত এন সি সি করেছি। ফার্স্ট এডের সার্টিফিকেট কোর্স করা আছে। উচ্চতা ৫ ফুট ৭ ইঞ্চি। আমি বিমান সংস্থার কেবিন ক্রু পদে আবেদন করতে পারব কি? এখন আবেদনের সুযোগ আছে কি কোনও সংস্থায়?*
*প্রিয়াঙ্কা ঘোষ, বাগুইআটি, কলকাতা-৫৯।*

☐ আপনি বিভিন্ন বিমান সংস্থায় কেবিন ক্রু পদে আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ট্রেনিং দিয়ে ৮৬ জন কেবিন ক্রু নিয়োগ করবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। শিক্ষাগত যোগ্যতা: যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক। হোটেল ম্যানেজমেন্টের ডিগ্রি বা ডিপ্লোমা অথবা কেবিন ক্রু হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে কিংবা ফার্স্ট এডের সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। নিয়োগ হবে চুক্তিতে। ট্রেনিং চলাকালীন মাসে ১০,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ের পর বেতন

> ট্রেনিং দিয়ে ৮৬ জন কেবিন ক্রু নিয়োগ করবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। শিক্ষাগত যোগ্যতা: যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক। হোটেল ম্যানেজমেন্টের ডিগ্রি বা ডিপ্লোমা অথবা কেবিন ক্রু হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে কিংবা ফার্স্ট এডের সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। নিয়োগ হবে চুক্তিতে। ট্রেনিং চলাকালীন মাসে ১০,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ের পর বেতন মাসে ৩৬,৬৩০ টাকা। 'কর্মক্ষেত্র'-র ৭ ডিসেম্বর সংখ্যায় 'এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কেবিন ক্রু' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

মাসে ৩৬,৬৩০ টাকা। 'কর্মক্ষেত্র'-র ৭ ডিসেম্বর সংখ্যায় 'এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কেবিন ক্রু' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৮ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindiaexpress.in

***পরে আবেদন করতে পারবেন:*** সরকারি-বেসরকারি বিমান সংস্থাগুলিতে সময়ে সময়ে কেবিন ক্রু নিয়োগ করা হয়ে থাকে। নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

*✓ বটানির গ্র্যাজুয়েট। অনার্সে ৬৩ শতাংশ নম্বর আছে। চাকরির চেষ্টা চলছে। চাকরির খবর দেবেন।*
*তিমির রায়, ডানকুনি, হুগলি।*

☐ আপনি গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আবেদন করতে পারবেন। পছন্দ অনুসারে কয়েকটি চাকরি বেছে নিয়ে আগে থেকেই প্রস্তুতি নেওয়া শুরু করতে পারেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ভারতীয় বিমানবাহিনী বিভিন্ন বিভাগে ট্রেনিং দিয়ে অফিসার নিয়োগ করবে। স্নাতক ডিগ্রিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৫৭.৫ সেমি। প্রয়োজনীয় উচ্চতা থাকলে আপনি গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) অথবা লজিস্টিক্স বিভাগের জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ১৬৩ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.careerindianairforce.cdac.in, http://afcat.cdac.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে পশ্চিমবঙ্গ সরকার বা কেন্দ্রীয় সরকারের ফরেস্ট অফিসার পদেও আবেদন করতে পারবেন।

*✓ আমি একজন চাকরিপ্রার্থী। কষ্ট করেই গ্র্যাজুয়েশনের পড়াশোনা সম্পূর্ণ করেছি। অবিলম্বে চাকরির প্রয়োজন। কোচিং নেওয়ার আর্থিক সামর্থ্য নেই। খুব কম খরচে কম্পিউটারের একটা ছোট কোর্স করতে পারলেও খানিকটা এগনো যায়। আমি গৃহশিক্ষকতা করি। ওই সামান্য টাকাই আমার ভরসা। আপনাদের পরামর্শ পেলে উপকৃত হব।*
*শুভেন্দু সরকার, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

☐ চাকরির পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য যে কোচিং নিতেই হবে এমনটা নয়। আপনি নিজের উদ্যোগেই প্রস্তুতি নিতে পারেন। গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরি আছে। সেগুলির মধ্যে থেকে দু'-তিনটি চাকরি বাছাই করে সেগুলির পরীক্ষার সিলেবাস সংগ্রহ করুন। সেই সিলেবাস অনুসারে পড়াশোনা করুন। সঙ্গে অনুশীলনও চালাতে থাকুন। মাস-তিনেক পরেই আপনি চাকরির পরীক্ষার জন্য

> নিখরচায় চাকরির উপযোগী প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। এটি বাগবাজার রামকৃষ্ণ মঠের একটি শাখা। এই প্রশিক্ষণ কোর্সে কম্পিউটার শিক্ষার সঙ্গে যোগাযোগের দক্ষতা তথা কমিউনিকেশন স্কিল, কর্পোরেট ক্ষেত্রে কাজের উপযোগী আচার-ব্যবহার সংক্রান্ত শিক্ষা, নেতৃত্ব প্রদানের দক্ষতা বৃদ্ধির ওপরে জোর দেওয়া হয়। থাকবে অঙ্ক ও রিজনিংয়ের দক্ষতা বৃদ্ধির পাঠও। ২ মাসের ট্রেনিং। ট্রেনিং নেওয়ার জন্য কোনও খরচ নেই।

অনেকটাই প্রস্তুত হয়ে যাবেন। তবে কম্পিউটার শিক্ষার জন্য আপনাকে কোনও প্রতিষ্ঠানে যেতে হবে। আর কম্পিউটার-সহ চাকরির উপযোগী প্রশিক্ষণ যদি নিতে চান, তার ব্যবস্থাও হতে পারে।

***এখনই আবেদন করতে পারেন:*** নিখরচায় চাকরির উপযোগী প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। এটি বাগবাজার রামকৃষ্ণ মঠের একটি শাখা। এই প্রশিক্ষণ কোর্সে কম্পিউটার শিক্ষার সঙ্গে যোগাযোগের দক্ষতা তথা কমিউনিকেশন স্কিল, কর্পোরেট ক্ষেত্রে কাজের উপযোগী আচার-ব্যবহার সংক্রান্ত শিক্ষা, নেতৃত্ব প্রদানের দক্ষতা বৃদ্ধির ওপরে জোর দেওয়া হয়। থাকবে অঙ্ক ও রিজনিংয়ের দক্ষতা বৃদ্ধির পাঠও। ২ মাসের ট্রেনিং। ট্রেনিং নেওয়ার জন্য কোনও খরচ নেই। প্রতিষ্ঠানেই দুপুরে খাওয়া-দাওয়ার ব্যবস্থা। ট্রেনিং শেষে গাড়ি ভাড়া বাবদ ভাতা পাওয়ারও সুযোগ আছে। 'কর্মক্ষেত্র'-র ৭ ডিসেম্বর সংখ্যার 'জীবিকার আটঘাট' বিভাগে 'নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৯ প্রশিক্ষণ' শীর্ষক প্রতিবেদনে এই প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্য জানানো হয়েছে। আপনি এখনই আবেদন করতে পারেন।

*✓ মাধ্যমিক পাশ। বয়স ২১ বছর। চাকরির খুব প্রয়োজন। চাকরির খবর জানালে খুবই উপকৃত হব।*
*তন্ময় গুহ, সরশুনা, বেহালা, কলকাতা-৬১।*

☐ মাধ্যমিক যোগ্যতায় কিছু চাকরি আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** প্রোসেস সার্ভার, সামন বেইলিফ, পিওন, ফরাশ ও নাইট গার্ড পদে কিছু গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করবে মুর্শিদাবাদ জেলা আদালত। আপনি গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'মুর্শিদাবাদ কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৫ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drcmurshidabad.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। রেলে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের 'খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। রাজ্যের স্কুলগুলিতে গ্রুপ 'ডি' পদে চাকরির জন্য স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসতে পারবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

## কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর পপুলেশন সায়েন্সেসে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি

পপুলেশন স্টাডিজ এবং বায়ো-স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেমোগ্রাফির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে মুম্বইয়ের ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর পপুলেশন সায়েন্সেস। কোর্স চলাকালীন কেন্দ্রীয় সরকারের তরফে নির্দিষ্ট হারে ফেলোশিপ পাওয়া যাবে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

কোর্সের বিবরণ: **এম এ/এম এসসি ইন পপুলেশন স্টাডিজ:** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ অ্যানথ্রপলজি, ডেভেলপমেন্ট স্টাডিজ, ইকনমিক্স, জিওগ্রাফি, হেলথ স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্স, পলিটিক্যাল সায়েন্স, সাইকোলজি, রুর‍্যাল ডেভেলপমেন্ট, সোশ্যাল ওয়ার্ক, সোশিওলজি এবং স্ট্যাটিস্টিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি এ বা বি এসসি। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। কোর্সের মেয়াদ: ২ বছর।

**এম এসসি ইন বায়ো-স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেমোগ্রাফি:** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বায়ো-স্ট্যাটিস্টিক্স বা হেলথ স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে বি এ বা বি এসসি অথবা যে-কোনও বিষয়ে বি এ বা বি এসসি, সেক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। কোর্সের মেয়াদ: ২ বছর।

**মাস্টার অব পপুলেশন স্টাডিজ:** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ অ্যানথ্রপলজি, বায়ো-স্ট্যাটিস্টিক্স, ডেভেলপমেন্ট স্টাডিজ, ইকনমিক্স, জিওগ্রাফি, হেলথ স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্স, পপুলেশন স্টাডিজ, পলিটিক্যাল সায়েন্স, পপুলেশন এডুকেশন, সাইকোলজি, রুর‍্যাল ডেভেলপমেন্ট, সোশ্যাল ওয়ার্ক, সোশিওলজি এবং স্ট্যাটিস্টিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে এম এ বা এম এসসি। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে। কোর্সের মেয়াদ: ১ বছর।

সব ক্ষেত্রেই প্রার্থীর বয়স হতে হবে ৩০-৬-২০১৯ তারিখে।

**ফেলোশিপ:** নির্দিষ্ট মাসিক ৫,০০০ টাকা।

প্রতিটি কোর্সে মহিলা, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে তাঁদের ৩০ সেপ্টেম্বরের মধ্যে ফাইনাল মার্কশিট দাখিল করতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। মাস্টার অব পপুলেশন স্টাডিজের ক্ষেত্রে প্রবেশিকা পরীক্ষা ছাড়াও থাকবে পার্সোন্যাল ইন্টারভিউ। অনলাইন পরীক্ষা সবক'টি বিষয়ের ক্ষেত্রেই ১০ ফেব্রুয়ারি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১ ফেব্রুয়ারি থেকে।

পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ, লজিক্যাল রিজনিং, ইংলিশ, ম্যাথমেটিক্স, পপুলেশন, হেলথ এবং সোশ্যাল সায়েন্স ইস্যু বিষয়ে। বায়ো-স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেমোগ্রাফির ক্ষেত্রে উপরোক্ত বিষয়গুলি ছাড়াও প্রশ্ন হবে হেলথ অ্যান্ড স্ট্যাটিস্টিক্স বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iipsindia.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৪ জানুয়ারি।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ১১ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Assistant Registrar (Academic), International Institute for Population Sciences, Govandi Station Road, Deonar, Mumbai-400 088.

আবেদন পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।







কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com


## ট্র্যাভেল-ট্যুরিজম ও ই-অ্যাকাউন্টিংয়ের কোর্স



**নিজস্ব প্রতিনিধি:** ট্র্যাভেল-ট্যুরিজমের ১ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা এবং ই-অ্যাকাউন্টিং ও জি এস টি-সহ ট্যাক্সেশনের ৬ মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। পড়ানো হবে দূরশিক্ষা ব্যবস্থায়। তবে রবিবারগুলিতে ই ডি আইয়ে ক্লাস হবে। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে কোর্স দু'টি। সার্টিফিকেট দেবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই ট্র্যাভেল-ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটি পড়ার জন্য আবেদন করতে পারেন। যাঁরা স্নাতক ডিগ্রি পড়ছেন তাঁরা ই-অ্যাকাউন্টিংয়ের সার্টিফিকেট কোর্সটি পড়ার জন্য আবেদন করতে পারবেন।

ট্র্যাভেল-ট্যুরিজমের কোর্সটিতে পর্যটন ব্যবসার সঙ্গে যুক্ত সমস্ত দিকগুলির পাঠ দেওয়া হয় বলে প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে। ই ডি আইয়ের ডিরেক্টর এম এন মাইতি জানিয়েছেন, ট্র্যাভেল-ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটি করে যেমন পর্যটন সংস্থাগুলিতে চাকরি করতে পারেন, তেমন ট্র্যাভেল এজেন্সি গড়ে ব্যবসাও করতে পারেন। তিনি বলেন, পশ্চিমবঙ্গ-সহ গোটা দেশেই পর্যটন শিল্পের বাড়বাড়ন্ত ঘটছে। এ সময়ে এই ইতিবাচক পরিস্থিতিটাকে কাজে লাগাতে পারবেন প্রশিক্ষিত তরুণ-তরুণীরা।

ভবিষ্যতে যাঁরা অ্যাকাউন্টিংয়ের পেশায় যেতে চাইবেন তাঁদের জি এস টি-র হিসেবনিকেশ জানতেই হবে। জি এস টি জানা লোকের এখন দারুণ কদর অ্যাকাউন্টিংয়ের পেশায়। ই-অ্যাকাউন্টিং ও ট্যাক্সেশন উইথ জি এস টি কোর্সটিতে ট্যালি ব্যবহার করে কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং, ইনকাম ট্যাক্স, জি এস টি, ডি ডি এস, প্রফেশনাল ট্যাক্স সম্পর্কিত প্রশিক্ষণ দেওয়া হবে।

**ফি:** ট্র্যাভেল-ট্যুরিজমের ১ বছরের কোর্সটির ক্ষেত্রে ১২,৪০০ টাকা। ই-অ্যাকাউন্টিং কোর্সটির ক্ষেত্রে ৫,৪০০ টাকা।

দু'টি কোর্সেই ভর্তি চলছে। ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে), কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮, ২৩৩৫-৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.com

## স্কলারশিপের খোঁজখবর

### অল ইন্ডিয়া ইউথ স্কলারশিপ এন্ট্রান্স এক্সামিনেশন ২০১৯

২০১৪ থেকে ২০১৯ সালে উচ্চমাধ্যমিক পাশ বা ২০১৯-এ উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী এবং ইঞ্জিনিয়ারিং বা মেডিক্যাল সায়েন্স নিয়ে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের অর্থ মন্ত্রক। সংশ্লিষ্ট কোর্সের মেয়াদ অনুযায়ী স্কলারশিপ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া মেধাবী ছাত্রছাত্রীদের এই স্কলারশিপ দেওয়া হবে একটি প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে। প্রবেশিকা পরীক্ষায় অন্তত ৫৫ শতাংশ নম্বর পেতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/AIY8 ফি বাবদ দিতে হবে ১,১০০ টাকা। আবেদনের শেষ তারিখ ২১ ডিসেম্বর।

### কমনওয়েলথ মাস্টার্স স্কলারশিপস ২০১৯

উন্নয়নের ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার, স্বাস্থ্য, বিশ্ব সমৃদ্ধি, বিশ্ব শান্তি, নিরাপত্তা ও শাসনব্যবস্থা-সহ অন্যান্য বিষয়ে ইংল্যান্ডের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইংল্যান্ডের কমনওয়েলথ স্কলারশিপ কমিশন।

**আবেদনের যোগ্যতা:** ২০১৯-এর অক্টোবরের মধ্যে স্নাতক কোর্স সম্পূর্ণ বা ২০১৯-এর সেপ্টেম্বর-অক্টোবরের মধ্যে স্নাতকোত্তর কোর্স শুরু করে থাকতে হবে।

**স্কলারশিপ বাবদ** যাতায়াতের খরচ, পড়ার খরচ, থাকা-খাওয়ার খরচ ইত্যাদি দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/CMS12 আবেদনের শেষ তারিখ ১৯ ডিসেম্বর।

### ম্যাকোয়ারি ইউনিভার্সিটি ইন্ডিয়া স্কলারশিপ ২০১৯

স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক বেশ কিছু ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে সিডনির ম্যাকোয়ারি বিশ্ববিদ্যালয়। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছর প্রতি ১০,০০০ অস্ট্রেলিয়ান ডলার।

**শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/MUI2 আবেদনের শেষ তারিখ ২১ ডিসেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## নেট/সেট

□ *সি এস আই আর-নেট পরীক্ষায় বসতে চাই। কোন কোন বিষয়ে এই পরীক্ষাটি নেওয়া হয়ে থাকে? এক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —সৌরভ মালাকার, মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ সি এস আই আর-নেট পরীক্ষা নেওয়া হয় এই পাঁচটি বিষয়ে: (১) কেমিক্যাল সায়েন্সেস, (২) আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস, (৩) লাইফ সায়েন্সেস, (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, (৫) ফিজিক্যাল সায়েন্সেস। এই পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারীরা এবং বি এস (৪ বছরের), বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই তফসিলি প্রার্থীরা ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই ব্যাচেলর ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি পেয়ে থাকলে শুধুমাত্র লেকচার-শিপের জন্য আবেদন করতে পারেন। মাস্টার্স ডিগ্রির ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। দেখুন এই ওয়েবসাইট: www.csirhrdg.res.in

## নার্সিং

□ *সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সটি করতে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? — অণিমা মাইতি, বিনপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিংয়ের জন্য শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে বাংলা লিখতে, বলতে ও পড়তে জানা চাই। উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে। ভোকেশনাল ও অ্যাডিশনাল বিষয়ে প্রাপ্ত নম্বর গণ্য হবে না। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এল এল বি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —আদিত্য অধিকারী, হুগলি।*

□□ তিন বছরের এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। বর্ধমান বিশ্ববিদ্যালয় ছাড়াও কোর্সটি পড়ানো হবে হুগলি মহসিন কলেজ, বেঙ্গল ল কলেজ, জর্জ স্কুল অব ল এবং অ্যামেক্স ল কলেজে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২০ ডিসেম্বর, দুপুর ১২টা থেকে। পরীক্ষাকেন্দ্র বর্ধমান বিশ্ববিদ্যালয়। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি এবং জেনারেল নলেজ বিষয়ে। পরীক্ষার ফল ঘোষিত হবে ৯ জানুয়ারি। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in ফি বাবদ দিতে হবে ২৫০ টাকার ডিমান্ড ড্রাফ্‌ট। ড্রাফ্‌টটি 'Finance Officer, The University of Burdwan'-এর অনুকূলে 'State Bank of India, Burdwan University Branch'-এ প্রদেয় হতে হবে। আবেদনপত্র ১২ ডিসেম্বর দুপুর ৩টের মধ্যে সরাসরি জমা দিতে হবে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে। প্রতিষ্ঠানের ঠিকানা: Office of the Secretary, Faculty Council (Arts etc.), 3rd Floor, Composite Arts Building, Golapbag.'

## উচ্চশিক্ষা

□ *হোমিওপ্যাথির ডিগ্রি কোর্সে ভর্তির জন্য 'জেনপহ' প্রবেশিকা পরীক্ষাতে বসতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? লিখিত পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —সুমন দে, অম্বিকানগর, বাঁকুড়া।*

□□ 'জেনপহ' প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। তবে মনে রাখবেন, প্রার্থীকে নিরবচ্ছিন্নভাবে ১০ বছর পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে অথবা প্রার্থীর অভিভাবককে রাজ্যের স্থায়ী বসবাসকারী হতে হবে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পত্রে— ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক স্তরের। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ২ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.wbjeeb.in

## অন্যান্য চাকরি

□ *মুর্শিদাবাদ জেলা আদালতে বাংলা স্টেনোগ্রাফার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —রতন ঘোষ, পাহাড়পুর, মুর্শিদাবাদ।*

□□ মুর্শিদাবাদ জেলা আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া বাংলায় শর্টহ্যান্ডে মিনিটে ৬০টি শব্দের দ্রুততা ও বাংলায় মিনিটে ২০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে তিনটি পত্রে। পেপার-ওয়ানে (১০০ নম্বর) থাকবে রিপোর্ট ড্রাফটিং, ট্রান্সলেশন (ইংরেজি থেকে বাংলা), সারসংক্ষেপ ও ব্যাকরণ-সংক্রান্ত প্রশ্ন। পেপার-টু (১০০ নম্বর) এবং পেপার-থ্রিতে (৪০০ নম্বর) নেওয়া হবে যথাক্রমে টাইপ টেস্ট এবং শর্টহ্যান্ড টেস্ট। সফল প্রার্থীদের ক্ষেত্রে এরপর নেওয়া হবে কম্পিউটার অপারেশনস এবং পার্সোন্যালিটি টেস্ট। ওয়েবসাইট: www.drcmurshidabad.in

□ *পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —বিভাস মণ্ডল, তারাপুর, নদিয়া।*

□□ পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা বায়োফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে রেডিওলজিক্যাল বা মেডিক্যাল ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা মেডিক্যাল ফিজিক্সে এম এসসি। সব ক্ষেত্রেই ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার বা অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড কর্তৃক প্রদত্ত রেডিয়েশন সেফটি অফিসার সার্টিফিকেট থাকতে হবে। ওয়েবসাইট: www.wbhrb.in

□ *ভারতীয় বিমানবাহিনীতে গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) ব্রাঞ্চে কমিশন্ড অফিসার হিসেবে আবেদন করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শশাঙ্ক সেনগুপ্ত, বারুইপুর।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) ব্রাঞ্চে কমিশন্ড অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। অথবা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্কে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা নিম্নলিখিত বিষয়ের যে-কোনও একটিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ অথবা ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন পাশ। বিষয়গুলি হল: কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭.৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.careerindianairforce.cdac.in, http://afcat.cdac.in

□ *ন্যাশনাল হাইওয়েজে ফিনান্স শাখায় ইয়ং প্রফেশনাল পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —কাবেরী ধর, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অব ইন্ডিয়ায় ফিনান্স শাখায় ইয়ং প্রফেশনাল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কমার্স বা অ্যাকাউন্টসে ডিগ্রি অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা আই সি এ আই বা আই সি ডব্লু এ আই। কোনও সংস্থায় ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং বা বাজেটিং বা ইন্টারনাল অডিট বা কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট বা ফান্ড ম্যানেজমেন্ট বা ডিসবার্সমেন্ট বিষয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.nhai.gov.in

□ *সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশনে মেটিরিয়ালস বিভাগে অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সোমনাথ সোম, খয়রাসোল, বীরভূম।*

□□ সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশনে মেটিরিয়ালস বিভাগে অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা পাল্প অ্যান্ড পেপার টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা প্রিন্টিংয়ে প্রথম শ্রেণিতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি-সহ মেটিরিয়াল ম্যানেজমেন্ট বা স্টোর ম্যানেজমেন্ট বা পারচেস বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে। মেটিরিয়াল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। স্টোর বা মেটিরিয়াল ম্যানেজমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকবে প্রফেশনাল নলেজ (৯০ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (১৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (১৫ নম্বর), লজিক্যাল রিজনিং (১৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১৫ নম্বর)। সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ওয়েবসাইট: www.spmcil.com

নাম : ..................
ঠিকানা : ..................
..................
..................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়:
karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়:
www.facebook.com/karmakshetra

### ছাত্রপিছু শিক্ষক বিন্যাসের প্রক্রিয়া যত তাড়াতাড়ি সম্পন্ন হয়, ততই মঙ্গল

গত ২৩ নভেম্বর 'কর্মক্ষেত্র'-র 'চাই সুবিচার' বিভাগে প্রকাশিত 'রাজ্যে উচ্চশিক্ষায় শিক্ষকপিছু ছাত্রছাত্রীর সংখ্যার অনুপাত আশঙ্কাজনক' শীর্ষক চিঠির পরিপ্রেক্ষিতে আমার এই পত্র। রাজ্যের শিক্ষাব্যবস্থার হাল যথেষ্ট হতাশাজনক। অনিয়মিত শিক্ষক নিয়োগের কারণে একদিকে যেমন চাকরিপ্রার্থীদের মধ্যে ক্ষোভ বাড়ছে, তেমনই সুস্থ পঠনপাঠনও বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায়, শিক্ষকপিছু ছাত্রছাত্রীদের হার প্রসঙ্গে রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের অভিমত অত্যন্ত দুর্ভাগ্যজনক। তিনি জানান, সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে পড়ুয়া-শিক্ষকের অনুপাতের হার তাঁর জানা নেই। সম্প্রতি বাম পরিষদীয় নেতা সুজন চক্রবর্তীর এক প্রশ্নের উত্তরে পার্থবাবু জানান, রাজ্য সরকার যুক্তিসঙ্গত ভাবে শিক্ষক বিন্যাসের চেষ্টা করছে। অর্থাৎ, যেখানে পড়ুয়ার তুলনায় শিক্ষক কম, সেখানে অন্য জায়গা থেকে শিক্ষকদের পাঠানো হবে। দু'তিন মাসের মধ্যে এই কাজ শেষ হওয়ার পর সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে পড়ুয়া এবং শিক্ষকের অনুপাত হিসাব করা হবে বলে জানিয়েছেন তিনি। পার্থবাবুর মতে, রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে শিক্ষকের সংখ্যা অপ্রতুল নয়। মূল সমস্যা হল— কোথাও পড়ুয়ার তুলনায় শিক্ষক বেশি, আবার কোথাও পড়ুয়া বেশি, শিক্ষক কম। শিক্ষাদপ্তরকে দ্রুত শিক্ষক বিন্যাস প্রক্রিয়া শেষ করার অনুরোধ জানাচ্ছি। শিক্ষাই জাতির মেরুদণ্ড এবং তা ঋজু রাখার জন্য প্রয়োজন পর্যাপ্ত শিক্ষক।

**প্রবাল সামন্ত, তমলুক, পূর্ব মেদিনীপুর।**

পার্থবাবু জানান, রাজ্য সরকার যুক্তিসঙ্গত ভাবে শিক্ষক বিন্যাসের চেষ্টা করছে। অর্থাৎ, যেখানে পড়ুয়ার তুলনায় শিক্ষক কম, সেখানে অন্য জায়গা থেকে শিক্ষকদের পাঠানো হবে। দু'তিন মাসের মধ্যে এই কাজ শেষ হওয়ার পর সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে পড়ুয়া এবং শিক্ষকের অনুপাত হিসাব করা হবে বলে জানিয়েছেন তিনি।

### সরকারি শিক্ষক স্কুলে পড়ানোর পর টিউশনি পড়ালে দোষের কী আছে?

গত ১৬ নভেম্বর 'চাই সুবিচার' বিভাগে প্রকাশিত 'স্কুলশিক্ষক বনাম গৃহশিক্ষকের দ্বন্দ্ব মেটাতে সরকারকে উদ্যোগী হতেই হবে' শীর্ষক চিঠির পরিপ্রেক্ষিতে আমার এই পত্র। যদি সত্যিই কোনও শিক্ষক বিদ্যালয় চলাকালীন সময়ে বিদ্যালয়ে না থেকে প্রাইভেট টিউশন পড়ানোর কাজে ব্যস্ত থাকেন, তাহলে অবশ্যই তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। কিন্তু যদি কোনও শিক্ষক তার বিদ্যালয়ে শিক্ষকতার কাজ সম্পূর্ণ করার পর বাড়িতে ফিরে প্রাইভেট টিউশন করিয়ে থাকেন, তাহলে তাতে দোষের কিছু আছে বলে আমার মনে হয় না। কেউ তাঁর ব্যক্তিগত জীবনে সময়কে কীভাবে কাজে লাগাবেন, সেই বিষয়ে রাষ্ট্র কোনওরকম হস্তক্ষেপ করতে পারে কি? আমার মনে হয়, সাংবিধানিক দিক থেকে একজন নাগরিকের মৌলিক অধিকার যথেষ্ট সুরক্ষিত এবং একজন শুধুমাত্র শিক্ষকতা করেন বলে সেই অধিকার থেকে বঞ্চিত হবেন, এটা হতে পারে না। রাজ্য সরকারি শিক্ষক প্রাইভেট টিউশনি পড়ালে দোষের, কিন্তু সরকারের অন্যান্য দপ্তরের অনেক কর্মী আছেন, যাঁরা নিয়মিত প্রাইভেট টিউশন করে থাকেন। তাঁদের ক্ষেত্রে সরকার কী ব্যবস্থা নেবে?

শেখ নিজাম (ফেসবুকে প্রেরিত)

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৪৩২৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

মেইন্টেন্যান্স বা ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইন্টেন্যান্স ট্রেড অথবা সেন্টার অব এক্সেলেন্স স্কিম এবং অ্যাডভান্সড মডিউল অব সেন্টার অব এক্সেলেন্স স্কিম ইন রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স অব হার্ডওয়্যার অব কম্পিউটার অ্যান্ড পেরিফেরালসের অধীনে ইনফর্মেশন টেকনোলজি সেক্টরে ব্রড বেসড বেসিক ট্রেনিং নিয়ে থাকলেও আবেদন গ্রাহ্য হবে।

কোন ডিভিশনে কত আসন: **ডিভিশন আলিপুরদুয়ার:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: **ওয়েল্ডার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ফিটার:** ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ১১৯টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। **লাইনম্যান:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার:** ৪৪টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। **ম্যাসন:** ৮৫টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩)। **পেইন্টার:** ৭১টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)।

মোট আসনের মধ্যে ১৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫২টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন কাটিহার:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট: ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ওয়েল্ডার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ফিটার:** ১২২টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৩)। **ডিজেল মেকানিক:** ৩০০টি (সাধারণ ১৫১, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ৮১)। **ইলেক্ট্রিশিয়ান:** ১০০টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)।

**ডিপার্টমেন্ট টি ডি এইচ ডব্লু এস (মেকানিক্যাল): মেশিনিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়েল্ডার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ফিটার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ১৩১টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৫)। **লাইনম্যান:** ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১১১টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)।

মোট আসনের মধ্যে ২৯টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৯৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন রঙ্গিয়া:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: **ওয়েল্ডার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ফিটার:** ১২৪টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ১২৫টি (সাধারণ ৬৩, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৪)। **লাইনম্যান:** ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১২০টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৩)।

মোট আসনের মধ্যে ১৫টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫০টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন লামডিং:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: **মেশিনিস্ট:** ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ওয়েল্ডার:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। **ফিটার:** ২৯১টি (সাধারণ ১৪৬, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৭৯)। **ডিজেল মেকানিক:** ১২৫টি (সাধারণ ৬৩, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৪০টি (সাধারণ ৭০, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৮)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৪২টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৮৩টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)। **লাইনম্যান:** ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ১০০টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ: ফিটার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **মেশিনিস্ট:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ওয়েল্ডার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **কার্পেন্টার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **পেইন্টার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১৩০টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৫)। **পেইন্টার:** ৫৭টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)।

মোট আসনের মধ্যে ৩৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১২৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন তিনসুকিয়া:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: **মেশিনিস্ট:** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ওয়েল্ডার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ফিটার:** ১৬৩টি (সাধারণ ৮২, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৮১টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)। **লাইনম্যান:** ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

মোট আসনের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপ:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: **মেশিনিস্ট:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৭৬টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১)। **ফিটার:** ৫৭টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **কার্পেন্টার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ডিজেল মেকানিক:** ২৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **পেইন্টার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টার্নার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ডিপার্টমেন্ট ই ডব্লু এস/বি এন জি এন: ওয়েল্ডার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **মেশিনিস্ট:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪)। **ফিটার স্ট্রাকচারাল:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ফিটার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **মেশিনিস্ট (গ্রাইন্ডার):** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ইলেক্ট্রিশিয়ান:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

মোট আসনের মধ্যে ৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন ডিব্রুগড় ওয়ার্কশপ:** ডিপার্টমেন্ট মেকানিক্যাল: **মেশিনিস্ট:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার:** ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। **ফিটার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **কার্পেন্টার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **পেইন্টার:** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **টার্নার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

মোট আসনের মধ্যে ৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১৯টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২৯-১১-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfr.indianrailways.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে। যে-কোনও একটি ইউনিটের জন্য আবেদন করবেন।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓দু'কপি পাসপোর্ট মাপের ফটো। ফটো দু'টি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে আবেদনপত্র ও কল লেটার কাম অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।

✓ফি বাবদ ১০০ টাকার ক্রসড পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। পোস্টাল অর্ডার 'Principal Financial Adviser, N.F. Railway, Maligaon'-এর অনুকূলে 'GPO/Guwahati'-তে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফট 'Principal Financial Adviser, N.F. Railway'-এর অনুকূলে 'SBI/Maligaon Branch'-এ প্রদেয় হতে হবে।

✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।

✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

✓যথাযথভাবে পূরণ করা কল লেটার কাম অ্যাডমিট কার্ড।

✓নিজের নাম ও ঠিকানা লেখা ১১×৫ ইঞ্চি মাপের একটি খাম। খামের উপর ৫ টাকার ডাকটিকিট সেঁটে দেবেন। তফসিলিদের ডাক টিকিট সাঁটতে হবে না।

আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: 'Application for engagement as Act-Apprentices & Designated trades applied for ________ and ________ Division/Workshop.

৩১ ডিসেম্বরের মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। আলিপুরদুয়ারের ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), P.O. Alipurduar Junction, Dist. Alipurduar, West Bengal-736123. কাটিহারের ক্ষেত্রে: Senior Personnel Officer, Office of the Divisional Railway Manager (P), Katihar (Bihar), Pin No. 854105. রঙ্গিয়ার ক্ষেত্রে: Senior Personnel Officer, Office of the Divisional Railway Manager (P), N.F. Railway, Rangia P.O. Rangia, Dist Kamruo (Assam), Pin No. 781354. লামডিংয়ের ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), P.O. Lumding, Pin-782447 Dist Hojai Assam. তিনসুকিয়ার ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), Tinsukia, N.F. Railway, Tinsukia PIN No. 786125, P.O. Hijuguri, Dist Tinsukia (Assam). নিউ বঙ্গাইগাঁওয়ের ক্ষেত্রে: Asstt. Personnel Officer, Office of the Chief Workshop Manager/N.F. Railway Carriage & Wagon Workshop/New Bongaigaon, Pin-783381. ডিব্রুগড়ের ক্ষেত্রে: Senior Personnel Officer, NF Railway Workshop, Dibrugarh, Pin-786001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নেভিতে ৫০০ নাবিক

*প্রথম পাতার পর*

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/১২ হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল নলেজ, ইংলিশ এবং সায়েন্স। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ১-২ দিন ধরে। পরীক্ষার অ্যাডমিট কার্ড জানুয়ারির শেষ সপ্তাহ থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.joinindiannavy.gov.in

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং শুরু হবে অগস্ট থেকে। প্রথমে আই এন এস চিলিকায় ৯ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে। এর পর ট্রেড অনুসারে প্রফেশনাল ট্রেনিং দেওয়া হবে দেশের বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১৪,৬০০ টাকা। সফলভাবে প্রশিক্ষণ শেষে বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা, 'এক্স' গ্রুপ পে ৬,২০০ টাকা। এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ১৪ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর ফটো (নীল ব্যাকগ্রাউন্ড) ও স্ক্যান করা প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

এক্সামিনেশন ফি বাবদ অনলাইনে দিতে হবে ২০৫ টাকা। ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা রুপে বা ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আইয়ের মাধ্যমে। তফসিলিদের কোনও ফি লাগবে না।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফল বেরোল

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৮-র মিসেলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট (প্রিলিমিনারি) এক্সামিনেশনের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.pscwbonline.gov.in

## কবে কোন পরীক্ষা

দিল্লির এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশন দ্বারা পরিচালিত ইনসিওরেন্স মেডিক্যাল অফিসার গ্রেড-টু (অ্যালোপ্যাথিক) পদে নিয়োগের ফেজ-ওয়ান পরীক্ষা ২৬ ডিসেম্বর। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.esic.nic.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৮ নভেম্বর-৫ ডিসেম্বর

**২৮ নভেম্বর** ফাঁসির সাজার আইনি বৈধতায় আবারও স্বীকৃতি দিল সুপ্রিম কোর্ট। তবে তিন বিচারপতির বেঞ্চে বিচারপতিরা তিন-জনেই একমত হতে পারেননি। বিচারপতি কুরিয়েন জোসেফ, বিচারপতি দীপক গুপ্ত এবং বিচারপতি হেমন্ত গুপ্তকে নিয়ে গড়া এই বেঞ্চে প্রবীণতম বিচারপতি জোসেফই ফাঁসির সাজা বহাল রাখার বিপক্ষে মত দিয়েছেন। কিন্তু অন্য দুই বিচারপতি আইন অনুযায়ী ফাঁসি বহাল রাখার পক্ষেই মত দেওয়ায়, সংখ্যাগরিষ্ঠের নিয়মে সেটাই আদালতের রায় হয়ে দাঁড়াল।

## জি-২০ সম্মেলনে জাপান ও মার্কিন হাত ধরলেন মোদী



**১ ডিসেম্বর:** বুয়েনস আইরেসে জি-২০ শীর্ষ বৈঠকে জাপান ও আমেরিকার সঙ্গে ত্রিপাক্ষিক বৈঠকের পর এ দেশের পলাতক আর্থিক অপরাধীদের ধরতে জি-২০ শীর্ষ বৈঠকে ৯ দফা কর্মসূচি পেশ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও মোদীর আমলের ভারতকেই 'সর্বকালের সবচেয়ে শক্তিশালী' বলে শংসাপত্র দিয়েছেন। বৈঠকশেষে স্থির হয়েছে ২০২২ সালে জি-২০ বৈঠক হবে ভারতেই। দেশ থেকে পালিয়ে বিদেশে আশ্রয় নেওয়া অপরাধীরা যাতে কোনও দেশে আশ্রয় না পান সে ব্যাপারে জি-২০ গোষ্ঠীভুক্ত দেশগুলিকে একটি মেকানিজম তৈরির ডাক দেওয়ার পাশাপাশি ভারতের আর্জি, ফিনানশিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফএটিএফ) এ বিষয়ে সক্রিয় হোক।

**রাশিয়াকে যুদ্ধের হুমকি দিল ইউক্রেন।** সে দেশের প্রেসিডেন্ট পেত্রো পোরোশেঙ্কো জানিয়েছেন, সীমান্তে ক্রমশ সামরিক উপস্থিতি বাড়াচ্ছে রাশিয়া। তাই চুপ করে বসে থাকবে না ইউক্রেনও। অন্যদিকে, দু'দেশের দ্বন্দ্বে নতুন মাত্রা যোগ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও। বুয়েনস আইরেসে জি-২০ শীর্ষ সম্মেলনে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক বাতিল করতে পারেন বলে হুমকি দিয়েছেন তিনি।

**২৯ নভেম্বর** জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে যে বৈঠক হওয়ার কথা ছিল তা আগের দেওয়া হুমকি অনুযায়ী বাতিলই করলেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প। রুশ ও ইউক্রেনের মধ্যে নতুন করে সৃষ্টি হওয়া দ্বন্দ্বই এই বৈঠক বাতিলের জন্য দায়ী বলে মত কূটনীতিকদের। এ দিন ট্রাম্প নিজেই টুইট করে তাঁর সিদ্ধান্ত জানিয়েছেন।

**আট বছরের ব্যবধানে ফের ভারত-মার্কিন বায়ুসেনার মহড়া 'কোপ ইন্ডিয়া'** হতে চলেছে। পশ্চিমবঙ্গের কলাইকুন্ডা ও পানাগড়ে ৩ থেকে ১৪ ডিসেম্বর দু'দেশের বায়ুসেনা ওই যৌথ মহড়ায় অংশ নেবে। মার্কিন বায়ুসেনার ১৩ এয়ার এক্সপিডিশনারি গ্রুপের কর্নেল ড্যারেল ইনস্রে জানিয়েছেন, বিমানচালনার কৌশল ও বিমানবাহিনীর বিভিন্ন ক্ষেত্র নিয়ে পারস্পরিক দক্ষতা ভাগাভাগির সুযোগ মিলবে এই মহড়ায়।

**৩০ নভেম্বর** বুয়েনস আইরেসে 'জি-২০' বৈঠকে যোগ দিয়ে একদিকে চিনের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কে উন্নতির বার্তা দিয়ে চিনা প্রেসিডেন্ট শি চিনফিঙের সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অন্যদিকে, ভারতীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চিনের অতি সক্রিয়তা বৃদ্ধির প্রেক্ষাপটে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গেও ত্রিপাক্ষিক বৈঠক সারেন মোদী। কূটনৈতিক ভারসাম্যের অঙ্কে এই দুই দেশের সঙ্গে সম্পর্ক আরও মসৃণ রাখতেই মোদীর এই পদক্ষেপ বলে মনে করছেন কূটনীতিকেরা। যোগাযোগ, উন্নয়ন, সন্ত্রাস দমন ইত্যাদি বিষয়গুলিতে সহযোগিতার ভিত্তিতে এগোনোর সিদ্ধান্ত নিয়েছে তিন দেশ।



"ভারতবাসী দয়া করে বুঝুন, এই গণপ্রহারের সংস্কৃতি দিয়ে, এই সাম্প্রদায়িক হিংসা দিয়ে কিছু অর্জন করা যাবে না। এমন দিন যেন না-আসে, যে দিন আমরা ভারতেই পরস্পরকে মারতে শুরু করব। তখন পাকিস্তান, চিন বা অন্য কাউকে আর কিছুই করতে হবে না।"

*অভিষেক সিং, উত্তরপ্রদেশে নিহত পুলিশ অফিসার সুবোধ সিংয়ের পুত্র গোহত্যা প্রতিবাদ কাণ্ডে তাঁর বাবার মৃত্যুর পর*

**১ ডিসেম্বর** ব্রেক্সিট নিয়ে অসন্তোষে পদত্যাগ করলেন আরও এক ব্রিটিশ মন্ত্রী। তিনি হলেন ব্রিটেনের বিশ্ববিদ্যালয় এবং বিজ্ঞানমন্ত্রী স্যাম জিমাহ। এর আগেও ব্রেক্সিট চুক্তি অপছন্দ হওয়ার কারণে টেরেসার মন্ত্রিসভার আরও ছয় মন্ত্রী সরে দাঁড়িয়েছিলেন। ইইউ থেকে সরে যাওয়ায় সায় ছিল না স্যামেরও। দ্বিতীয় গণভোটের পক্ষেও সওয়াল করেছিলেন তিনি।

**২ ডিসেম্বর** নতুন নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব নিলেন সুনীল অরোরা। ও পি রাওয়াতের জায়গায় এলেন তিনি। দায়িত্ব নিয়ে তিনি জানালেন, আগামী বছরের লোকসভা নির্বাচনের কথা মাথায় রেখে নির্বাচন কমিশন এখন থেকেই প্রস্তুতি নিচ্ছে। দায়িত্বভার নেওয়ার পর অরোরা বলেন, 'কিছুদিন আগে থেকেই প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। সব ক্ষেত্রে নিখুঁত ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছি।'

## ক্রিশ্চিয়ান মিশেলের প্রত্যর্পণ



**৪ ডিসেম্বর:** দুবাই থেকে ভারতে ফেরানো হল অগুস্তা ওয়েস্টল্যান্ড কপ্টার কেলেঙ্কারিতে অভিযুক্ত ব্রিটিশ দালাল ক্রিশ্চিয়ান মিশেলকে। গত মাসেই সেখানকার শীর্ষ আদালত প্রত্যর্পণের বিরুদ্ধে মিশেলের যাবতীয় যুক্তি খারিজ করে দিয়েছিল। এ দিনই ঘুষের লেনদেনে অভিযুক্তকে ভারতে পাঠাতে সরকারি আদেশ জারি করে দুবাই। এ দিন রাতেই মিশেলকে ভারতে আনা হয়। সিবিআই দাবি করেছে, মিশেলকে ভারতে ফিরিয়ে আনতে বিশেষ ভূমিকা নিয়েছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল। উল্লেখ্য, ভারতের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর মতো ভিভিআইপিদের জন্য কপ্টার কিনতে ২০১০ সালে ব্রিটিশ সংস্থা অগুস্তা ওয়েস্টল্যান্ডের সঙ্গে চুক্তি করেছিল ইউপিএ সরকার। ১২টি কপ্টার কেনার জন্য ৩,৬০০ কোটি টাকার চুক্তি হয়। কিন্তু, ২০১৩ সালে অভিযোগ ওঠে এতে ঘুষের লেনদেন হয়েছে। বিতর্কে জড়িয়ে যায় প্রাক্তন বায়ুসেনা প্রধান এস পি ত্যাগীর নামও। সিবিআই তদন্তের নির্দেশ দেন তৎকালীন প্রতিরক্ষামন্ত্রী এ কে অ্যান্টনি। কপ্টার কেনার চুক্তিও বাতিল করে মনমোহন সরকার। ছবি: পি টি আই

## প্রয়াত 'সিনিয়র' বুশ



**৩০ নভেম্বর:** উপসাগরীয় যুদ্ধের মূল সেনাপতি প্রাক্তন মার্কিন রাষ্ট্রপতি জর্জ হারবার্ট ওয়াকার বুশ প্রয়াত হলেন। আমেরিকার ৪১তম প্রেসিডেন্ট 'সিনিয়র বুশ' প্রয়াত হলেন ৯৪ বছরে। ১৯৮৯ থেকে চার বছর, মার্কিন-সোভিয়েত ঠান্ডা যুদ্ধের শেষ পর্যায় এবং পশ্চিম এশিয়ায় ভয়াবহ সঙ্কটকালে তিনিই ছিলেন আমেরিকার প্রেসিডেন্ট। সাদ্দাম হুসেনের কুয়েত দখলের সময় পাল্টা আক্রমণে মার্কিন জোটকে নেতৃত্ব দেন সিনিয়র বুশ। মার্কিন আক্রমণের চাপে কুয়েত ছেড়ে ফিরে আসে ইরাকি বাহিনী। সিনিয়র বুশের ছেলে জর্জ ডব্লিউ বুশ পরবর্তী কালে আমেরিকার প্রেসিডেন্ট হয়েছিলেন। সাদ্দাম হুসেনকে ক্ষমতাচ্যুত করে ইরাক যুদ্ধ শেষ করেন তিনি।

**ফরাসি প্রেসিডেন্ট মাকরঁর বিরুদ্ধে দেশের** একটা বড় অংশের মানুষের ক্ষোভের কারণে জরুরি অবস্থার মুখে পড়ল ফ্রান্স। করের হার বাড়িয়ে জ্বালানির দাম লাগাম ছাড়া বাড়ানোয় জনতার বড় অংশ হিংসাত্মক হয়ে ওঠে। বাড়ি-গাড়ি, প্যারিস শহরের বহু জায়গায় অগ্নিসংযোগ করা হয়। প্রতিবাদীদের বক্তব্য, সরকার সাধারণ মানুষের কথা শুনছে না। হিংসা ছাড়া বিপ্লব হয় না। নভেম্বরের মাঝামাঝি থেকেই পথে নামতে শুরু করেছে জনতা। উল্লেখ্য, জি-২০ শীর্ষ বৈঠকে যোগ দিতে আর্জেন্টিনায় ছিলেন প্রেসিডেন্ট মাকরঁ। তিনি সেখান থেকেই জানিয়েছেন, যারা তাণ্ডবের নেপথ্যে ছিল তাদের প্রত্যেকের বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে। তাঁর কথায়, 'বৈধ ক্ষোভ শান্তিপূর্ণ ভাবে প্রকাশের সঙ্গে হিংসার কোনও যোগ নেই।'

**৩ ডিসেম্বর** শ্রীলঙ্কায় রাজাপক্ষের ক্ষমতা খারিজ করল আদালত। পার্লামেন্টে পর পর দু'বার আস্থা ভোটে হেরেছেন তিনি। তাই 'প্রধানমন্ত্রী' পদে নিজের বৈধতা প্রমাণ করতে না পারা পর্যন্ত রাজাপক্ষের সব ক্ষমতা খারিজ করল আদালত। অচল করে দেওয়া হয়েছে গোটা মন্ত্রিসভাকেই। আদালত স্পষ্ট করে বলেছে, 'দেশের চূড়ান্ত রাজনৈতিক সঙ্কটের মধ্যে এর পরেও প্রধানমন্ত্রী রাজাপক্ষেকে রেখে দেওয়া হলে দেশের অপূরণীয় ক্ষতি হয়ে যাবে।'

**৪ ডিসেম্বর** চিন-মার্কিন শুল্ক উত্তাপ কিছুটা কমতেই আমেরিকা-ইরান কথার লড়াই শুরু হয়ে গেল। তেল নিয়ে আমেরিকার নিষেধাজ্ঞাকে চ্যালেঞ্জ জানিয়ে ইরানের প্রেসিডেন্ট হাসান রৌহানি হুঁশিয়ারি দিয়েছেন, তাঁদের দেশ থেকে অশোধিত তেল রপ্তানি বন্ধ করার চেষ্টা হলে পারস্য উপসাগরই স্তব্ধ হয়ে যাবে। বিঘ্নিত হবে অন্যান্য দেশের তেল রপ্তানিও। এমনিতেই মার্কিন নিষেধাজ্ঞার জেরে বেশ কিছু দেশে ইরানের তেল রপ্তানি ধাক্কা খেয়েছে। তবে ভারত-সহ আটটি দেশকে ছ'মাসের জন্য ইরানের তেল আমদানির ব্যাপারে ছাড় দিয়েছে ট্রাম্প প্রশাসন। পরমাণু চুক্তি প্রত্যাহার করে ইরানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা চাপিয়েছে তারা। এক টেলিভিশন বক্তৃতায় রৌহানি বলেছেন, 'আমেরিকার জেনে রাখা উচিত, আমরা নিজেদের তেল বিক্রি করছি। ভবিষ্যতেও করব। ওরা আমাদের তেল রপ্তানি বন্ধ করতে পারবে না।'

**৫ ডিসেম্বর** ইউপিএ জমানার প্রাক্তন কয়লাসচিব এইচ সি গুপ্তের অবৈধ খনি বন্টন মামলায় ৩ বছরের জেল হল। ২০১২ থেকে সিবিআই যে ৪০টি খনি মামলায় চার্জশিট দিয়েছে, তার মধ্যে ১২টিতে অভিযুক্ত হয়েছেন গুপ্ত। তবে কারাদণ্ডের মেয়াদ ৪ বছরের কম হওয়ায় জামিন পেয়েছেন তিনি।

## দাবায় বিশ্বসেরা হলেন কার্লসেন




**২৮ নভেম্বর:** দাবায় তিনবারের বিশ্বচ্যাম্পিয়ন ম্যাগেনাস কার্লসেন আরও একবার বিশ্বের সেরা হলেন। হারিয়ে দিলেন মার্কিন দাবাড়ু ফাবিয়ানো কারুয়েনাকে। ক্ল্যাসিকাল দাবার এই লড়াই ১২ রাউন্ড ড্র হওয়ার পর গড়ায় র‍্যাপিড টাইব্রেকে। সেখানে নরওয়ের ২৭ বছর বয়সি তারকা ৩-০ হারিয়ে দেন কারুয়েনাকে।

## গোহত্যা নিয়ে অশান্তিতে মৃত্যু পুলিশ অফিসারের



**৩ ডিসেম্বর:** উত্তরপ্রদেশের বুলন্দশহরে গোহত্যার প্রতিবাদে অশান্তি ও হিংসায় প্রাণ গেল পুলিশ অফিসার সুবোধ সিংয়ের। প্রথমে ইট-পাথরের আঘাতে তিনি প্রাণ হারিয়েছেন বলা হলেও ময়নাতদন্তে উঠে এসেছে গুলিতেই মৃত্যু হয়েছে তাঁর। ঘটনা-চক্রে কয়েক বছর আগে উত্তরপ্রদেশেরই দাদরির গণপিটুনিতে মহম্মদ আখলক হত্যার তদন্ত করেছিলেন সুবোধ। এই মামলার প্রধান সাক্ষীও তিনিই ছিলেন। হত্যার ধরন ও পরিস্থিতি দেখে অনেকেই প্রশ্ন তুলেছেন গোহত্যার প্রতিবাদ বিক্ষোভকে ঢাল করে রাজনৈতিক হিংসা চরিতার্থ করা হয়ে থাকতে পারে। ছবি: পি টি আই

## কলকাতার নতুন মেয়র ফিরহাদ ববি হাকিম



**৩ ডিসেম্বর:** কলকাতা পুরসভায় ভোটাভুটির পর নতুন মেয়র হলেন ফিরহাদ ববি হাকিম। ডেপুটি মেয়র হলেন অতীন ঘোষ। পুরসভায় বর্তমানে তৃণমূলের কাউন্সিলর ১২২ জন। এক জন অসুস্থ থাকায় ভোট দিয়েছেন ১২১ জন। মেয়র পদপ্রার্থী ববি ওই ১২১ জনেরই ভোট পেয়ে কলকাতার নতুন মেয়র হলেন। নতুন মেয়রকে শপথবাক্য পাঠ করালেন পুরসভার চেয়ারপার্সন মালা রায়। তার পর ডেপুটি মেয়র ও ১২ জন মেয়র পারিষদকে শপথবাক্য পাঠ করান মেয়র নিজেই।

## মহাকাশে ভারতের সবচেয়ে ভারী উপগ্রহ



**৫ ডিসেম্বর:** ফরাসি গায়নার কুয়োহ থেকে মহাকাশে রওনা দিল ভারতের ৫,৮৫৪ কেজি ওজনের 'জিস্যাট-১১' উপগ্রহ। এর চেয়ে ভারী উপগ্রহ আগে মহাকাশে পাঠায়নি ভারত। বিজ্ঞানীরা তাকে ডাকছেন 'বিগ বার্ড' নামে। ভারতের যে সমস্ত প্রত্যন্ত এলাকায় তারের মাধ্যমে ইন্টারনেট পৌঁছনো অসম্ভব, আগামী ১৫ বছর ধরে সেখানেই ইন্টারনেট পৌঁছে দেবে এই উপগ্রহ। অভিযানের জন্য খরচ পড়েছে প্রায় ৬০০ কোটি টাকা।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## সংস্থা সম্পর্কে সংগৃহীত তথ্য তোমার উত্তরে আলাদা মাত্রা যোগ করবে



দ্বৈপায়ন বন্দ্যোপাধ্যায়
বিজনেস প্রসেস লিড
টাটা কনসাল্টেন্সি সার্ভিসেস

পড়াশোনায় খুব ভালো, খুব মেধাবী ছাত্রছাত্রীরাই কেবল চাকরির বিরাট বাজারকে দখল করে রেখেছে, এমন ভাবার কোনওই কারণ নেই। সাধারণ মেধার ছেলে-মেয়েদের জন্যও বাজারে এমন অনেক চাকরি রয়েছে, যেগুলি দীর্ঘ প্রশিক্ষণ বা কোর্স ছাড়াও সহজেই করা যায়। যেমন, বিপিওর চাকরি।

বেশিরভাগ মানুষই মনে করেন, বিপিও এবং কলসেন্টার সমার্থক। কিন্তু আদপেই তা নয়। বিপিও হল বিজনেস প্রসেস আউটসোর্সিং। আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা তাদের কোনও কোনও বিভাগের কাজ আমাদের দেশীয় সংস্থাগুলিকে দিয়ে করিয়ে নেয়। টেকনিক্যাল, নন-টেকনিক্যাল, বিভিন্ন ধরনের কাজ। নন-টেকনিক্যাল কাজের মধ্যে থাকে আই টি, নন-আই টি, হেভি ইন্ডাস্ট্রি, ব্যাঙ্ক ইত্যাদির ব্যাক অফিসের নানারকম কাজ। যেমন, পেমেন্ট প্রসেসিং, হিউম্যান রিসোর্স বিভাগের বিভিন্ন কাজ, পে রোল তৈরি, রিক্রুটমেন্ট, বিমা সংস্থায় ক্লেম প্রসেস করা, ভেরিফিকেশন ইত্যাদি। এর জন্য খুব ভালো কথা বলতে পারা বা ভাষা জ্ঞান বা কোনও নির্দিষ্ট বিষয় সংক্রান্ত জ্ঞানের প্রয়োজন হয় না। সংস্থার তরফেই দু'-এক সপ্তাহের প্রশিক্ষণ দেওয়া হয়। যে কাজ করতে হবে, সেই সংক্রান্ত পলিসি বা যে দেশের সঙ্গে কাজ হবে সেই দেশের নিয়ম সম্পর্কে ধারণা দিয়ে দেওয়া হয়। এছাড়া কাজটির যাবতীয় প্রসেসের একটা ডকুমেন্ট বানানোই থাকে। সেই অনুযায়ী কাজ করতে হয়। ফলে খুব একটা আটকায় না। এই ধরনের চাকরির বাজার বেশ ভালো। অভিজ্ঞতাও জমা হবে, ভবিষ্যতের জন্য তৈরিও হতে পারবে।

### ইন্টারভিউয়ের বাধা পেরনো

ফ্রেশারদের ইন্টারভিউয়ের জন্য কোনও কোনও সংস্থায় লিখিত পরীক্ষা নেওয়া হয়। বেসিক অঙ্ক, মাল্টিপল চয়েস, লজিক্যাল রিজনিং থাকে। তবে খুব কঠিন প্রশ্ন সাধারণত থাকে না। অনেক সংস্থায় গ্রুপ ডিসকাশন থাকে। সেখানে বড়জোর মিনিটখানেক বরাদ্দ করা হয় একেকজনের জন্য। ইংরেজিটা চলনসই হলেই চলে। অন্তত উল্টোদিকের লোকটির কাছে বোধগম্য হবে, এরকম হলেই হয়।

### সংস্থা সম্পর্কে জেনে যাও

ইন্টারভিউ দিতে যাওয়ার আগে সংস্থা সম্পর্কে খুব স্পষ্ট ধারণা থাকা উচিত। খুঁটিনাটি ধারণা না থাকলেও চলবে, তবে অন্তত সামগ্রিক একটা ধারণা থাকা দরকার। এখন ইন্টারনেটের মাধ্যমে যে-কোনও তথ্যই যথেষ্ট সহজলভ্য হয়ে গিয়েছে। প্রায় সব সংস্থারই কেরিয়ার ওয়েব পেজ থাকে। শূন্যপদ থাকলে সেখানেই জানানো হয়। সেই সব পদের জন্য কী যোগ্যতা থাকা দরকার, তাও বিশদে সেখানে জানানো থাকে। অনেক ওয়েবসাইট আছে যারা সংস্থাগুলির রেটিং নিয়ে কাজ করে। ব্যবসায়িক দিক থেকে, উৎপাদনের দিক থেকে, জনপ্রিয়তার দিক থেকে নানারকম রেটিং হয়। ইন্টারভিউয়াররাও তাই আশা করেন, তুমি সংস্থার কাজ, বাজারে সেটির চাহিদা, তুমি সেই সংস্থায় কোন কাজের জন্য উপযুক্ত ইত্যাদি সম্পর্কে একটা ধারণা নিয়েই এসেছ। ফলে প্রায়শই ইন্টারভিউয়ে সংস্থা সম্পর্কে প্রশ্ন করা হয় প্রার্থীদের। আগে থেকে জেনে গেলে উত্তর দিতে সুবিধা হয়।

### একঘেয়ে উত্তর দিও না

ইন্টারভিউয়ে ফ্রেশারদের খুব সাধারণ প্রশ্নই করা হয়। যেমন, কেন এখানে কাজ করতে চাও। উত্তরে প্রায় সবাই বলে থাকে 'এই কাজটা খুব ভালোলাগে' বা 'এটা একটা ব্র্যান্ড'— এইসব। এই একই প্রশ্ন করা হলে তাই এর বাইরে, আলাদা কিছু বলার চেষ্টা করো। সংস্থা সম্পর্কে সাম্প্রতিক তথ্য যদি জানা থাকে, সেক্ষেত্রে এই বিশেষ ক্ষেত্রে তার উল্লেখ করতেই পারো। ধরা যাক, ইন্টারভিউ দিতে যাওয়ার আগে ওয়েবসাইট থেকে তুমি জানতে পারলে সংস্থাটি কতটা 'এমপ্লয়ি ফ্রেন্ডলি' সেই সংক্রান্ত রেটিং। ইন্টারভিউয়ের সময় বলতে পারবে, কর্মীদের সঙ্গে সুসম্পর্কের বিষয়ে আপনাদের রেটিং খুব ভালো। এখানে চাকরি পেলে এইরকম পরিবেশ আমার পক্ষে বড় মোটিভেশনের কাজ করবে। কাজেও উৎসাহ পাব।

এখানেই চলতি উত্তরের থেকে আলাদা হয়ে যাবে তোমার উত্তরটি। ইন্টারভিউয়াররা খুশি হবেন।

### কাজ করতে করতে শেখা

আমি বাংলা মাধ্যম স্কুলে পড়াশোনা করেছি। বটানি নিয়ে স্নাতক হই। তারপর সরকারি চাকরির পরীক্ষা দিতে ব্যস্ত ছিলাম। কিন্তু কিছুদিন পরেই পারিবারিক পরিস্থিতি বদলে যাওয়ায় উইপ্রোর চাকরিতে যোগ দিতে হল। পরে ব্রিটিশ টেলিকমের টেকনিক্যাল সাপোর্ট বিভাগে কাজ করতাম। সিনিয়র সহকর্মীরা যখন কাজ করতেন, মন দিয়ে দেখতাম, চেষ্টা করতাম শিখে নিতে। এরপর যোগ দিই কেপজেমিনিতে, হিউম্যান রিসোর্স বিভাগে। তখন এত দিনের চেনা কাজের ধারা পাল্টে গেল। প্রথম প্রথম প্রবল অসুবিধা হয়েছে। কিন্তু শিখতে চেষ্টা করে গিয়েছি। পরিশ্রমের ফলস্বরূপ সাফল্যও এসেছে। আমার তাই ধারণা, মনটাকে সবসময় তৈরি রাখতে হবে শেখার জন্য। মনে রাখতে হবে, পড়াশোনা কেবল স্কুল-কলেজের গণ্ডির মধ্যেই শেষ হয়ে যায় না। কাজের জগতেও শেখার প্রক্রিয়াটা চলতেই থাকে।


ভ্রমণ

বৃহস্পতিবার আগেই সংগ্রহ করুন

বেরিয়ে পড়ার আসল গাইড, ঘরে বসেও মানসভ্রমণ



বাঙালির ঘরের পত্রিকা, বাইরে যাবার

এই সংখ্যায়

কাছে-দূরে
২১টি বেড়াবার জায়গা

মংলাজোরি • গোয়ালপাড়া • গাজলডোবা • ইটাচুনা রাজবাড়ি • কুলিক পাখিরালয় • রাবংলা • ধনৌলটি • জিলিং • মাইপাড়ু • বেরা • হায়দরাবাদ • কোভালম • জামনগর • বান্ধবগড় • গোকর্ণ • উটি • ভরতপুর • কৌশানি • রঙ্গনাথিট্টু • খাজুরাহো • রণথম্ভোর

এছাড়াও একডজন পিকনিক স্পট

সঙ্গে আরও ৮ বিশেষ ভ্রমণ

শীতের পুরুলিয়া • দারিংবারি • কালনা • সিঙ্গি • পারাদ্বীপের সৈকতে • তাড়োবা আর পেঞ্চ • পাফিন দেখতে স্কটল্যান্ড • স্পেন

হুবহু প্রকৃতির রঙে ছাপা। আগাগোড়া রেশমি পাতা।



কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine. Great careers start here

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword.

Narayan HealthCare Solution for you
Company: Narayan Industries
Position Title: Sr Back Office Executive
Experience, Location: Min 10 yr, Kolkata
Profile: We need a Sr. Techno Commercial Person for our own Steel Fabrication Company. Salary - as per experience and standard. Candidate can send their cv at narayanindustries@gmail.com. Or call on 9433044453
To apply for this job, log on to www.shine.com and search using 9472680 as keyword.

AVIATION ACADEMY
Company: JT Aviation Academy
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata/Delhi
Profile: JT Aviation Academy offers courses to the eligible candidates. After completion of the courses placement will be provided by the institute at Kolkata/Delhi airport. Age 18yr - 27yr. Edu- Min HS pass. Starting Salary- 15K-45K per month. For interview or other information please call 8777259448 & 9331957694 on or Email ID- careers@jtaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 8339835 as keyword

Crowd Link Staffing
Company: Crowd Link Staffing
Position Title: Customer Relationship Executive
Experience, Location: Fresher, Kolkata
Profile: Vacancy under a Corporate Bank as a Customer Relationship Executive. Qualification - HS (Fresher) & Basic knowledge Excel & Word. Language known- Basic Hindi & English. Salary - 12K-20K. Call HR @ 9874440217 EMAIL- 7sujoydas@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Company: Companion Placements
Position Title: HR Recruiter
Experience, Location: Min 1 Yr , Kolkata
Profile: We are looking for experienced "HR Recruiters" for our placement company based in Park street, Salary will be in the range of 12k to 20k with high incentive. Candidate should be a minimum graduate with good communication in English and minimum work experience of 1 year. Candidates with recruitment background will be preferred. If you are interested then mail your resume to - manojcompanion@gmail.com or call 40014772
To apply for this job, log on to www.shine.com

Gharoa caterer
Company: Gharoa Caterer
Position Title: Cook
Experience, Location: Any Experience, Kolkata
Profile: Wanted experienced cook for a restaurant in Kolkata. The cook should be specialized in Bengali cuisine. Knowledge in Chinese and Mughlai cuisine will be preferred. Salary as per industry standard. Food and accommodation will be provided. Interested candidates pls call at 9836088985. www.gharoacaterer.com. Email- contact@gharoacaterer.com
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203
Not for Candidates

shine. Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্নোত্তর

1. English is the Lingua franca of the world.
(a) easy language (b) official language (c) common language (d) most respected language
2. She was in a brown study and did not notice my entrance.
(a) fear (b) studying with full concentration (c) deep slumber (d) reverie
3. _______, I would help all the poor people. Complete the sentence.
(a) If I am rich (b) If I was rich (c) If I were rich (d) I case I am rich
4. A palatable thing is:
(a) very pleasant to see (b) very pleasat to feel (c) very pleasant to eat (d) very pleasantly represented
5. In the sentence 'All men must die', 'all' is:
(a) adjective (b) noun (c) pronoun (d) preposition
6. My uncle is totally indifferent of art and literature. He is a:
(a) philistine (b) insipid (c) savage (d) captor
7. The father was anxious ____ the safety of his daughter.
(a) at (b) about (c) for (d) with
8. Choose the correct meaning of the given phrase from the given alternatives. carte blanche.
(a) complete authority (b) issue the warrant (c) no authority (d) lack of authority
9. He spoke _____ about his prospects.
(a) confidently (b) confidentially (c) consciously (d) conscientiovsly
*Complete the sentence.*
10. The boy is not interested in playing, ____ ?
(a) doesn't he (b) isn't he (c) didn't he (d) is not
11. I prevailed _____ him to join our group.
(a) cast about (b) cast out (c) cast up (d) cast aside
12. 'Mellifluous' means:
(a) Sweet-sounding (b) Cacophonic (c) Loud (d) Irritating
13. I can't walk any:
(a) farther (b) further (c) distance (d) far
14. Lucid means:
(a) Opaque (b) Solid (c) Clear (d) Hazy
15. A person of outgoing nature is known as a/an
(a) stoic (b) extrovert (c) megalomaniac (d) philanthropist
16. The word 'pride' is also used to describe a group of:
(a) tigers (b) elephants (c) lion (d) Hyenas
17. A 'page' also means:
(a) a sweet dish (b) a chauffeur (c) a book (d) a servant
**Direction (18 to 19):** *Synonym*
18. Embezzle
(a) Steal (b) Steel (c) Honesty (d) Dazzle
19. Imbroglio
(a) Cacophony (b) Confession (c) A confused situation (d) Candid a admission
20. A remedy for all diseases
(a) Panacea (b) Panache (c) Pariah (d) Paunch
21. A place where pigs are kept
(a) Kennel (b) Sty (c) Mortuary (d) Menagerie
22. Pell- mell
(a) great confusion (b) tumultuous situation (c) a part of a play (d) anarchy
23. Health is too important to be:
(a) deserted (b) neglected (c) dispised (d) discarded
**Direction (24 and 25):** *Antonym*
24. Nefarious
(a) Liberal (b) Ethical (c) Reserved (d) Furious
25. Repel
(a) Conceal (b) Attract (c) Approve (d) Reinstate
26. প্রতিটি ক্রোমোজোমে ক'টি ক্রোমাটিড থাকে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
27. পাকস্থলীর অর্ধপাচিত খাদ্যবস্তুকে বলে:
(a) কাইল (b) কাইম (c) মিসেল (d) ভিলাস
28. প্রকৃতিতে কতগুলি অ্যামিনো অ্যাসিড আছে?
(a) 10 (b) 20 (c) 30 (d) 40
29. আরশোলার হৃৎপিণ্ডে ক'টি প্রকোষ্ঠ থাকে?
(a) 3টি (b) 5টি (c) 12টি (d) 13টি
30. ম্যাকুলা ডেনসা থাকে:
(a) নিকটবর্তী সংবর্ত নালিকাতে (b) হেনলির লুপে (c) দূরবর্তী সংবর্ত নালিকাতে (d) সংগ্রাহক নালিকাতে
31. হিমোফিলিয়া রোগের জিনটি:
(a) X-linked রিসেসিভ (b) X-linked ডমিন্যান্ট (c) Y- linked (d) অটোজোমে অবস্থিত
32. পায়রার দেহে অনুপস্থিত থাকে:
(a) দাঁত (b) পাকস্থলী (c) পিত্তাশয় (d) সবক'টি
33. WWF (ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার)-এর ম্যাসকট হল:
(a) ডলফিন (b) শজারু (c) জায়ান্ট পান্ডা (d) শিম্পাঞ্জি
34. কোন যৌগটি জলে মিশে BOD -এর মাত্রা বৃদ্ধি করে?
(a) $CO_2$ (b) CO (c) $SO_2$ (d) $C_2H_5OH$
35. Leishmania donovani-এর অন্তর্বর্তী পোশক হল:
(a) বালু মাছি (b) সেটসি মাছি (c) ড্রাগন মাছি (d) অ্যানোফিলিস মশা
36. নীচের কোনটি প্রোটোজোয়া নয়?
(a) হাইড্রা (b) ইউগ্লিনা (c) অ্যামিবা (d) প্যারামেসিয়াম
37. সালোকসংশ্লেষে সাহায্যকারী একটি ইলেকট্রন বাহক প্রোটিন হল:
(a) হিমোগ্লোবিন (b) সাইটোক্রোম (c) RUBP (d) PGA
38. মানুষের বায়ুথলির বাতাসে $CO_2$-এর পরিমাণ কত?
(a) 0.03% (b) 0.05% (c) 3% (d) 5%
39. একটি প্রথম শ্রেণির প্রোটিনের উদাহরণ হল:
(a) দানাশস্য (b) ঘি (c) ডিম (d) ডাল
40. মানব-মস্তিষ্ক থেকে উৎপন্ন ক্রেনিয়াল নার্ভের সংখ্যা:
(a) 12 জোড়া (b) 21 জোড়া (c) 31 জোড়া (d) 23 জোড়া
41. যে মৌলটিকে মেন্ডেলিফ 'দুষ্ট মৌল' আখ্যা দেন:
(a) ইউরেনিয়াম (b) থোরিয়াম (c) হাইড্রোজেন (d) ফ্লুরিন
42. ডায়মন্ড-এর রাসায়নিক বন্ধন হল:
(a) আয়নীয় (b) সমযোজী (c) অসমযোজী (d) ধাতব বন্ধন
43. মিথেনে কী প্রকারের হাইব্রিডাইজেশন দেখা যায়:
(a) SP (b) $SP^2$ (c) $SP^3$ (d) $d^2SP^3$
44. মানুষ দ্বারা আবিষ্কৃত প্রথম ধাতু:
(a) Fe (b) Al (c) Zn (d) Cu
45. নিষ্ক্রিয় গ্যাসগুলি যে ব্লকে উপস্থিত থাকে:
(a) S ব্লক (b) P ব্লক (c) d ব্লক (d) F ব্লক
46. কোনটি শুধু বিজারক পদার্থ হিসেবে কাজ করে:
(a) $H_2O_2$ (b) $MnO_2$ (c) $K_2Cr_2O_7$ (d) $H_2S$
47. হিগস বোসন হল:
(a) সিনেমার নাম (b) একটি মৌল কণা (c) ঔষধের শ্রেণিগত নাম (d) গ্রহ
48. একই দৈর্ঘ্যের এবং একই উপাদান দিয়ে তৈরি একটি সরু এবং একটি মোটা তারের মধ্যে কোনটির রোধ বেশি?
(a) সরু তারটির (b) মোটা তারটির (c) দু'টি তারের সমান রোধ (d) সঠিক বলা সম্ভব নয়
49. সবুজ আলোয় আলোকিত কোনও ঘরে লাল ফুল কীরকম দেখাবে?
(a) লাল (b) কমলা (c) সবুজ (d) কালো
50. অভিকর্ষহীন স্থানে কোনও প্রবাহীর থাকবে না:
(a) পৃষ্ঠটান (b) সান্দ্রতা (c) চাপ (d) ঊর্ধ্বঘাত
51. সিন্ধুসভ্যতার অধিবাসীদের প্রধান খাদ্য ছিল:
(a) চাল (b) গম (c) যব (d) ভুট্টা
52. আর্য শব্দের অর্থ হল:
(a) কৃষিকাজ (b) জাতিবিশেষ (c) গোচারণ-ভিত্তিক সমাজ (d) ব্রহ্মচারী
53. ত্রিপিটক কোন ভাষায় লিখিত?
(a) ব্রাহ্মী (b) খরোষ্ঠী (c) পালি (d) সংস্কৃত
54. সাতবাহনদের আদি বাসস্থান ছিল:
(a) অন্ধ্রপ্রদেশ (b) তামিলনাড়ুতে (c) কর্নাটকে (d) মহারাষ্ট্রে
55. শশাঙ্ক কোন ধর্মাবলম্বী ছিলেন?
(a) বৈষ্ণব (b) শৈব (c) বৌদ্ধ (d) জৈন
56. লক্ষ্মণ সেনের আমলে কোন মুসলমান আক্রমণকারী বাংলা জয় করেছিলেন?
(a) মহম্মদ ঘোরি (b) বকতিয়ার খলজি (c) ইলতুৎমিস (d) কুতুবউদ্দিন আইবক
57. মথুরা শিল্পকলা কোন সময়ে জনপ্রিয়তা অর্জন করে?
(a) শুঙ্গ যুগে (b) সাতবাহন যুগে (c) শক যুগে (d) কুষাণ যুগে
58. গিয়াসউদ্দিন তুঘলকের প্রকৃত নাম ছিল:
(a) খিজির খাঁ (b) গুরসাস্প (c) গাজি মালিক (d) জুনা খাঁ
59. কত সালে দিল্লিতে লোদি বংশের শাসন শুরু হয়?
(a) 1465 (b) 1481 (c) 1451 (d) 1476
60. কোন যুদ্ধের মাধ্যমে দিল্লির সুলতানি শাসনের অবসান ঘটে?
(a) কনৌজের যুদ্ধ (b) খানুয়ার যুদ্ধ (c) পানিপথের প্রথম যুদ্ধ (d) তরাইনের প্রথম যুদ্ধ
61. মুঘল যুগে স্থলবাণিজ্য চালনার জন্য ব্যবহৃত গিরিপথ:
(a) খাইবার পাশ (b) নাথু লা পাশ (c) গোমাল (d) বোলান
62. বিজয়নগর সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হলেন:
(a) নরসিংহ ও সিমারায়া (b) হরিহর ও বুক্ক (c) কৃষ্ণদেব রায় ও অচ্যুত রায় (d) বেঙ্কট ও সদাশিব
63. তালিকোটার যুদ্ধ কত সালে সংঘটিত হয়েছিল?
(a) 1570 সালে (b) 1575 সালে (c) 1565 সালে (d) 1576 সালে

এরপর এগারোর পাতায়

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'অরেঞ্জ রেভোল্যুশন' কোন দেশে সংগঠিত হয়?
(a) ফিলিপিন্স (b) ইউক্রেন (c) নেদারল্যান্ডস (d) তিউনিশিয়া
2. 'সিমলা ডেপুটেশন' কত সালে দেওয়া হয়েছিল?
(a) 1905 (b) 1906 (c) 1904 (d) 1907
3. 'হিতোপদেশ' গ্রন্থটি কার লেখা?
(a) নারায়ণ পণ্ডিত (b) হরিভদ্র (c) ভদ্রবাহু (d) বাণভট্ট
4. সঞ্জীবনী পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (b) শিশিরকুমার ঘোষ (c) কৃষ্ণকুমার মিত্র (d) নবীনচন্দ্র সেন
5. 'প্রিয়দর্শিকা' নাটকটির রচয়িতা কে ছিলেন?
(a) শীলভদ্র (b) সন্ধ্যাকর নন্দি (c) হর্ষবর্ধন (d) অশোক
6. নীচের কোন গ্রন্থটি কালিদাসের লেখা নয়?
(a) মালবিকাগ্নিমিত্রম (b) কিরাটার্জুনীয়া (c) কুমারসম্ভব (d) অভিজ্ঞান শকুন্তলম
7. শিখদের চতুর্থ গুরুর নাম কী?
(a) গুরু তেগ বাহাদুর (b) রামদাস (c) গুরু গোবিন্দ সিং (d) গুরু অর্জুন সিং
8. যুগান্তর দলের প্রতিষ্ঠাতা কে?
(a) বারীন্দ্রকুমার ঘোষ (b) দীনেন্দ্রকুমার রায় (c) জলধর সেন (d) সতীশচন্দ্র মুখোপাধ্যায়
9. 'কল্পসূত্র' হল:
(a) হিন্দু গ্রন্থ (b) জৈন গ্রন্থ (c) শিখ গ্রন্থ (d) বৌদ্ধগ্রন্থ
10. 'কালিবঙ্গান ও লোথাল' কোন সভ্যতার সঙ্গে যুক্ত?
(a) মিশরীয় সভ্যতা (b) সুমেরীয় সভ্যতা (c) মেসোপটেমীয় সভ্যতা (d) হরপ্পা সভ্যতা
11. 'দিয়ারা' অঞ্চলটি পশ্চিমবঙ্গের কোন জেলায়?
(a) মুর্শিদাবাদ (b) জলপাইগুড়ি (c) বীরভূম (d) মালদা
12. সঞ্চার ক্রান্তি যোজনা চালু করল কোন রাজ্য সরকার?
(a) ছত্তিশগড় (b) হিমাচল প্রদেশ (c) উত্তরপ্রদেশ (d) উত্তরাঞ্চল
13. মাহী নদীর উৎসস্থল হল:
(a) বিন্ধ্যপর্বত (b) আরাবল্লী পর্বত (c) পশ্চিমঘাট পর্বত (d) পালনা পর্বত
14. 'দ্য ঈগল হ্যাজ ল্যান্ডেড' এই কথাগুলি কে বলেছিলেন?
(a) ওয়েন গ্যারিয়ট (b) নীল আর্মস্ট্রং (c) রোনাল্ড গরান (d) চার্লস লিন্ডবার্গ
15. রমন ম্যাগসাইসাই পুরস্কারজয়ী ডাঃ ভরত ভাতওয়ানি হলেন একজন:
(a) হৃদরোগ বিশেষজ্ঞ (b) অস্থিরোগ বিশেষজ্ঞ (c) ক্যানসার বিশেষজ্ঞ (d) মনোরোগ বিশেষজ্ঞ
16. নীচের কোন রঙের তরঙ্গদৈর্ঘ্য কম?
(a) নীল (b) লাল (c) সবুজ (d) হলুদ
17. অ্যানিমোলজি কোন বিদ্যার সঙ্গে যুক্ত?
(a) মাছ (b) বায়ুপ্রবাহ (c) কীট-পতঙ্গ (d) মুদ্রা
18. ডিসপোজাল হাইপোডারমিক সিরিঞ্জ আবিষ্কারক কলিন আলবার্ট মার্ডক কোন দেশের নাগরিক ছিলেন?
(a) নিউজিল্যান্ড (b) রাশিয়া (c) স্কটল্যান্ড (d) আমেরিকা
19. নিশাদলের রাসায়নিক সংকেত হল:
(a) $N_2O$ (b) NaOH (c) NaCl (d) $NH_3Cl$
20. দুধের মধ্যে যে অল্প পরিমাণ শর্করা থাকে তাকে বলা হয়:
(a) গ্লুকোজ (b) ফ্রুকটোজ (c) সুক্রোজ (d) ল্যাকটোজ
21. 'হ্যাভারসিয়ান ক্যানাল' কোথায় দেখতে পাওয়া যায়?
(a) অগ্ন্যাশয়ে (b) হাড়ে (c) পাকস্থলীতে (d) কানে
22. কাশ্মীর উপত্যকা থেকে লে-তে যাওয়ার গিরিপথ কোনটি?
(a) পিরপাঞ্জাল পাস (b) বানিহাল পাস (c) মানা পাস (d) জো জি লা পাস
23. ফসফরিক অ্যাসিড হল:
(a) ড্রাইবেসিক (b) ট্রাইবেসিক (c) মনোবেসিক (d) কোনওটিই নয়
24. কালমেঘ গাছের বৈজ্ঞানিক নাম হল:
(a) ফিকাস বেঙ্গালেনসিস (b) অ্যান্ড্রোগ্রাফিস প্যানিকুলাটা (c) ওসিমাম স্যাঙ্কটাম (d) ভিটিস ভিনিফেরা
25. মানবাধিকার দিবস কোন দিনটি পালিত হয়?
(a) 2 জানুয়ারি (b) 24 নভেম্বর (c) 10 ডিসেম্বর (d) 11 অক্টোবর
26. ওজোন স্তরের গভীরতা মাপার একক হল:
(a) লাইন (b) কুরি (c) ডবসন (d) লাক্স
27. 'চেরি ব্লসম' ভারতের কোন রাজ্যের বৃষ্টিপাতের নাম?
(a) অসম (b) কেরল (c) মেঘালয় (d) তামিলনাড়ু
28. UNESCO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) বার্ন (b) প্যারিস (c) জেনেভা (d) রোম
29. NAEP কথাটির পুরো অর্থ হল:
(a) National Adult Education Programme (b) National Authority of Education Programme (c) National Atomic Energy Project (d) Nuclear Atomic Engineering Programme
30. আর কে লক্ষ্মণ একজন বিখ্যাত:
(a) বিজ্ঞানী (b) খেলোয়াড় (c) সাংবাদিক (d) কার্টুনিস্ট
31. স্ট্র্যাটেজিক আর্মস রিডাকশন ট্রিটি (STRAT-1991) কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?
(a) উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া (b) চিন ও জাপান (c) মার্কিন যুক্তরাষ্ট্র ও

এরপর বারোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

64. অমৃতসরের অপর নাম ছিল:
(a) অমৃতপুর (b) রামদাসপুর (c) গোবিন্দপুর (d) কোনওটিই নয়
65. টিপু সুলতানের রাজধানী ছিল:
(a) মহীশূরে (b) শ্রীরঙ্গপত্তমে (c) শ্রীঙ্গেরীতে (d) বেলুড়ে
66. ইংরেজরা কার কাছ থেকে দেওয়ানি লাভ করেন?
(a) মহম্মদ শাহ (b) দ্বিতীয় শাহ আলম (c) বাহাদুর শাহ (d) কেউই নন
67. নিম্নলিখিতদের মধ্যে কে ফরাসি ছিলেন না?
(a) লা-বুরদান (b) ওয়াটসন (c) লালি (d) দুপ্লে
68. 1600 খ্রিস্টাব্দে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রতিষ্ঠাকালে ভারতবর্ষের মুঘল সম্রাট ছিলেন:
(a) জাহাঙ্গির (b) শাহজাহান (c) প্রথম বাহাদুর শাহ (d) আকবর
69. লোদি বংশের শেষ সুলতান ছিলেন:
(a) সিকন্দর লোদি (b) ইব্রাহিম লোদি (c) খিজির খাঁ (d) বহলুল লোদি
70. অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান ও শান্তি রক্ষিত কোন যুগের পণ্ডিত ছিলেন?
(a) পাল (b) সেন (c) রাষ্ট্রকূট (d) চোল
71. সমুদ্রগুপ্তের এলাহাবাদ প্রশস্তি কার রচনা?
(a) কলহন (b) বিলহন (c) বাণভট্ট (d) হরিষেণ
72. ত্রিপিটকের 'পিটক' কথাটির অর্থ হল:
(a) গ্রন্থ (b) সত্য (c) সিদ্ধান্ত (d) ঝুড়ি
73. অপালা, লোপামুদ্রা, গার্গী-এই তিন মহিলা কোন যুগের বিদুষী নারী ছিলেন?
(a) বৈদিক যুগ (b) মৌর্য যুগ (c) কুষাণ যুগ (d) গুপ্ত যুগ
74. তৃতীয় বৌদ্ধ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
(a) পাটলিপুত্র (b) উজ্জয়িনী (c) জলন্ধর (d) বলভী
75. কোন মুঘল সম্রাট 'সেকুবাবা' নামে পরিচিত?
(a) জাহাঙ্গির (b) আকবর (c) ঔরঙ্গজেব (d) দারা
76. 'ভারত সভা' কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1876 (b) 1884 (c) 1887 (d) 1890
77. 'পুনা সার্বজনিক সভা'র প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) মহাদেব গোবিন্দ রানাডে (b) দাদাভাই নৌরজি (c) বি জি তিলক (d) অ্যানি বেসান্ত
78. 'অ্যাংলো হিন্দু স্কুল'-এর প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (b) রাজা রামমোহন রায় (c) ড্রিঙ্ক ওয়াটার বেথুন (d) চার্লস উড
79. কবে এশিয়াটিক সোসাইটির পত্তন হয়?
(a) 1784 খ্রিস্টাব্দে (b) 1785 খ্রিস্টাব্দে (c) 1794 খ্রিস্টাব্দে (d) 1796 খ্রিস্টাব্দে
80. সিপাহি বিদ্রোহের পর নেপালে আশ্রয় গ্রহণ করেন:
(a) নানাসাহেব (b) তাঁতিয়া টোপি (c) বাহাদুর খান (d) কুনওয়ার সিং
81. ওয়াহাবি শব্দের অর্থ কী?
(a) স্বাধীনতা (b) ঈশ্বরে বিশ্বাস (c) নবজাগরণ (d) জন্মভূমি
82. কে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) ওয়ারেন হেস্টিংস (c) জন শোর (d) লর্ড বেন্টিঙ্ক
83. কোন বিপ্লবীর ছদ্মনাম ছিল ফাদার মার্টিন?
(a) যতীন্দ্র মুখার্জি (b) ভগৎ সিং (c) নরেন্দ্রনাথ ভট্টাচার্য (d) হেমচন্দ্র কানুনগো
84. লন্ডনে 'ইন্ডিয়া হাউস' প্রতিষ্ঠা করেন:
(a) শ্যামজি কৃষ্ণবর্মা (b) মাদাম ভিকাজি কামা (c) লালা হরদয়াল (d) দাদাভাই নওরজি
85. 'গদর পার্টি' কবে এবং কোথায় প্রতিষ্ঠিত হয়?
(a) আমেরিকা, 1913 (b) ইংল্যান্ড, 1917 (c) ডেনমার্ক, 1921 (d) স্কটল্যান্ড, 1925
86. গান্ধীজি কত সালে কংগ্রেসের সাধারণ সদস্যপদ ত্যাগ করেন?
(a) 1935 (b) 1940 (c) 1942 (d) 1937
87. কলকাতা কর্পোরেশনের প্রথম ভারতীয় মেয়র ছিলেন:
(a) সুভাষচন্দ্র বসু (b) চিত্তরঞ্জন দাশ (c) বিপিন চন্দ্র পাল (d) অরবিন্দ ঘোষ
88. কার সভাপতিত্বে লন্ডনে প্রথম গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়?
(a) উইনস্টন চার্চিল (b) র‍্যামসে ম্যাকডোনাল্ড (c) ক্লিমেন্ট এটলি (d) স্ট্যাফোর্ড ক্রিপস
89. লবণ সত্যাগ্রহে গান্ধীজির সহকারী ছিলেন:
(a) ডঃ সত্যপাল ডাচ (b) জওহরলাল নেহরু (c) সৈফুদ্দিন কিচলু (d) সরোজিনী নাইডু
90. শিবাজি উৎসব শুরু করেন:
(a) অরবিন্দ ঘোষ (b) বাল গঙ্গাধর তিলক (c) আম্বেদকর (d) সুভাষচন্দ্র বসু
91. সুভাষচন্দ্র বসুকে দেশনায়ক উপাধিতে ভূষিত করেন:
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) মহাত্মা গান্ধী (c) সি আর দাশ (d) রাসবিহারী বসু
92. বঙ্গভঙ্গ ঘোষণা করেন:
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড কার্জন (c) লর্ড মিন্টো (d) লর্ড মেয়ো
93. সাঁওতাল বিদ্রোহ ঘটেছিল:
(a) 1855 সালে (b) 1857 সালে (c) 1859 সালে (d) 1872 সালে
94. কোন স্বাধীনতা সংগ্রামী 'ভারতের বিসমার্ক' নামে পরিচিত?
(a) জওহরলাল নেহরু (b) দাদাভাই নওরজি (c) লালা লাজপত রায় (d) সর্দার বল্লভভাই প্যাটেল
95. কত সালে রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠিত হয়?
(a) 1897 সালে (b) 1898 সালে (c) 1892 সালে (d) 1902 সালে
96. অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে?
(a) এম এন জোশী (b) জে এল নেহরু (c) লালা লাজপত রায় (d) মুজাফফর আহমেদ
97. ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তন করেন:
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড রিপন (c) লর্ড ডাফরিন (d) লর্ড ওয়েলেসলি
98. স্বত্ববিলোপ নীতি প্রবর্তন করেন:
(a) ওয়ারেন হেস্টিংস (b) ডালহৌসি (c) ওয়েলেসলি (d) ক্যানিং
99. তিতুমির কোন আন্দোলনের নেতা ছিলেন?
(a) ফরাজি (b) খিলাফৎ (c) ওয়াহাবি (d) সন্ন্যাসী বিদ্রোহ
100. মিরাট ষড়যন্ত্র মামলা শুরু হয়েছিল:
(a) 1929 সালে (b) 1934 সালে (c) 1942 সালে (d) 1931 সালে
101. পোলাভারম প্রকল্প যে নদীর সঙ্গে যুক্ত সেটি হল:
(a) পেন্নার (b) গোদাবরী (c) কাবেরী (d) কৃষ্ণা
102. পৃথিবীর মোট স্থলভাগের অংশ হিসেবে ভারতের ভাগ:
(a) 2.4% (b) 2.8% (c) 3.2% (d) 3.6%
103. কাঠমান্ডু কোন নদীর তীরে?
(a) কালিগন্ডক (b) তিস্তা (c) মানস (d) বাসমতী
104. মঙ্গলম সেচ প্রকল্প কোথায়?
(a) অন্ধ্রপ্রদেশ (b) কেরল (c) তামিলনাড়ু (d) পশ্চিমবঙ্গ
105. বালিপাথর পরিবর্তিত হয়ে হয়:
(a) কোয়ার্টজাইট (b) মার্বেল (c) কোল (d) শ্লেট
106. ফারাক্কা খালের জলধারণ ক্ষমতা:
(a) 75,000 কিউসেক (b) 70,000 কিউসেক (c) 40000 কিউসেক (d) 35000 কিউসেক
107. হাতিগারি নদী কোন নদীটির উপনদী?
(a) ভীমা (b) গোদাবরী (c) নর্মদা (d) কাবেরী
108. 'হ্যালিডে' দ্বীপটি পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(a) দক্ষিণ ২৪ পরগনা (b) উত্তর ২৪ পরগনা (c) নদিয়া (d) বীরভূম
109. পাটকই ভূমি সীমান্ত নির্দেশ করে:
(a) অরুণাচল প্রদেশ ও মায়ানমার (b) মণিপুর ও নাগাল্যান্ড (c) অসম ও মেঘালয় (d) মেঘালয় ও নাগাল্যান্ড
110. ছোটনাগপুর মালভূমি কোন শিলায় গঠিত?
(a) গ্রানাইট ও নিস শিলা (b) পাললিক শিলা (c) লাভপ্রবাহ (d) পলিমাটি
111. মহাসাগর ত্বক প্রধানত কী দ্বারা গঠিত?
(a) গ্রানাইট (b) ব্যাসাল্ট (c) ম্যাগমা (d) পাললিক শিলা
112. পৃথিবীর বৃহত্তম পাদদেশীয় হিমবাহ হল:
(a) তপলাস্কার হুবার্ড (b) তপলাস্কার মালাসপিনা (c) গ্রিনল্যান্ডের পিটারম্যান (d) গ্রিনল্যান্ডের স্টরস্ট্রম
113. আফ্রিকার মরু অঞ্চল প্লায়া হ্রদকে বলে:
(a) ধান্দ (b) শটল (c) বোলসন (d) স্যালাইন
114. হিলিয়াম গ্যাসের প্রাধান্য দেখা যায় বায়ুমণ্ডলের কোন স্তরে?
(a) মেসোস্ফিয়ার (b) এক্সোস্ফিয়ার (c) ট্রপোস্ফিয়ার (d) স্ট্যাটোস্ফিয়ার
115. এলনিনোর সর্বাধিক প্রভাব দেখা যায়:
(a) প্রশান্ত মহাসাগর (b) ভারত মহাসাগর (c) উত্তর আটলান্টিক মহাসাগর (d) দক্ষিণ কুমেরু মহাসাগর
116. কোন গিরিপথ লাদাখের রাজধানী লে-কে কাশ্মীর-এর সঙ্গে যুক্ত করেছে?
(a) জোজি লা (b) বুলাদপির (c) জওহর পিরপাঞ্জাল (d) কোনওটিই নয়
117. রাজস্থান-এর শুষ্ক হ্রদকে বলে:
(a) রন (b) ধ্রিয়ান (c) ধান্দ (d) তাল
118. ব্রহ্মপুত্র নদের বৃহত্তম উপনদী?
(a) লোহিত (b) মানস (c) তিস্তা (d) তোর্সা
119. কোন মাটির স্থানীয় নাম 'সারম'?
(a) বেলেমাটি (b) ল্যাটেরাইট মাটি (c) ভুর (d) লোহিত
120. পশ্চিমবঙ্গের বেশিরভাগ উদ্ভিদ:
(a) চিরহরিৎ (b) পর্ণমোচী (c) ম্যানগ্রোভ (d) সরলবর্গীয়
121. কোন জেলাকে পশ্চিমবঙ্গের ধানের ভান্ডার বলে?
(a) উত্তর ২৪ পরগনা (b) পূর্বমেদিনীপুর (c) বর্ধমান (d) মুর্শিদাবাদ
122. ভারতের কোন রাজ্যে মিলেট শস্যের গবেষণাগার আছে?
(a) গুজরাট (b) ভোপাল (c) তেলেঙ্গানা (d) কেরল
123. ভারতের বৃহত্তম পেট্রোকেমিক্যাল প্রকল্প হল:
(a) ট্রাম্বে (b) জামনগর (c) বজী হাঁড়ি (d) হলদিয়া
124. সমুদ্রতলের সাপেক্ষে কোনও নির্দিষ্ট স্থানের উচ্চতাকে কী বলে?
(a) বেঞ্চমার্ক (b) জরিপ স্টেশন (c) বিন্দু (d) আপেক্ষিক উচ্চতা
125. ভারতের প্রেরিত প্রথম উপগ্রহ:
(a) আর্যভট্ট (b) IRS (c) SARAL (d) SPOT
126. পঞ্চায়েত সমিতির কাজকর্ম পরিচালনা করার জন্য ব্লক উন্নয়ন আধিকারিক নিয়োগ করেন:
(a) জেলা পরিষদ (b) পঞ্চায়েত সমিতি (c) রাজ্য সরকার (d) কোনওটিই নয়
127. দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কীসের ওপর জোর দেওয়া হয়েছিল?
(a) পরিষেবা (b) ভারীশিল্প (c) বাণিজ্য (d) কৃষি
128. সংবিধান প্রস্তাবনাটি কোন দেশ থেকে গৃহীত:
(a) ইউ এস এ (b) কানাডা (c) ইউ কে (d) অস্ট্রেলিয়া
129. সংবিধানের যুগ্মতালিকার বিষয় কতগুলি?
(a) 91(b) 99 (c) 95 (d) 97
130. রাষ্ট্রপতির বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রক্রিয়া শুরু করতে পারে:
(a) লোকসভা (b) রাজ্যসভা (c) সংসদের যে-কোনও কক্ষ (d) সংসদের যৌথ অধিবেশন
131. সংসদের কোন কক্ষের চেয়ার পার্সন ওই কক্ষের সদস্য নন?
(a) বিধানসভা (b) রাজ্যসভা (c) বিধান পরিষদ (d) লোকসভা
132. অর্থ বিলে কার পূর্বসম্মতির প্রয়োজন হয়?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) অর্থমন্ত্রী (d) কেউই নন
133. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যরাষ্ট্র ক'টি?
(a) 8 (b) 7 (c) 6 (d) 5
134. লোকসভায় জিরো আওয়ার-এর স্থায়িত্বকাল হল:
(a) 30 মিনিট (b) 1 ঘণ্টা (c) নির্দেশ করা নেই (d) 24 ঘণ্টা
135. কততম ধারায় 'Uniform Civil Code'-এর কথা বলা আছে?
(a) 43 (b) 44 (c) 42 (d) 41
136. আধুনিক রাষ্ট্রের রাজস্বের প্রধান উৎস হল:
(a) কর (b) মুনাফা (c) সরকারি ঋণ (d) কোনওটিই নয়
137. পশ্চিমবঙ্গ সরকারের একটি পরোক্ষ কর-রাজস্ব হল:
(a) আয়কর (b) ভূমি রাজস্ব (c) সম্পদ কর (d) বিনোদন কর
138. বাণিজ্যচক্রে মন্দার পর আসে:
(a) সমৃদ্ধি (b) পুনরুন্নতি (c) অবনতি (d) কোনওটিই
139. অর্থনীতিতে সামগ্রিক ব্যয়রেখাই হল সামগ্রিক:
(a) ব্যয় রেখা (b) চাহিদা রেখা (c) জোগান রেখা (d) কোনওটিই নয়
140. পরোক্ষ করের উদাহরণ হল:
(a) প্রমোদ কর (b) আয়কর (c) সম্পদ কর (d) কোনওটিই নয়
141. নীচের কোনটি প্রত্যক্ষ কর?
(a) প্রমোদ কর (b) বিক্রয়কর (c) মূল্যযুক্ত কর (d) আয়কর
142. সংবিধানে কার ইমপিচমেন্টের উল্লেখ নেই:
(a) প্রধান বিচারপতি সুপ্রিম কোর্টের (b) প্রধান বিচারপতি যে-কোনও হাইকোর্টের (c) রাজ্যপাল (d) রাষ্ট্রপতি
143. রাজ্যপাল বিধানসভাতে কতজন অ্যাংলো ইন্ডিয়ানকে নির্বাচিত করেন?
(a) 2 (b) 1 (c) 6 (d) 12
144. কে সংসদের যৌথ অধিবেশন আহ্বান করেন:
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) উপরাষ্ট্রপতি (d) স্পিকার
145. 'Money Market' কোন ধরনের বাজার:
(a) sale of share (b) Bond (c) long term (d) short term
146. কোনও দেশের মাথাপিছু আয় কীসের ভিত্তিতে মাপা হয়?
(a) জনসংখ্যা (b) জাতীয় আয় (c) a এবং b দু'টোই (d) কোনওটিই নয়
147. IRDP-র মুখ্য উদ্দেশ্য কী?
(a) রপ্তানি বৃদ্ধি (b) গ্রামোন্নয়ন ও দারিদ্র দূরীকরণ (c) ফিসক্যাল ম্যানেজমেন্ট (d) ব্যাঙ্কিং সংস্কার
148. মুদ্রাস্ফীতিতে সবচেয়ে বেশি লাভবান হন:
(a) ঋণগ্রহীতা (b) চাকুরিজীবী (c) ব্যবসায়ী (d) কৃষিজীবী
149. সংবিধানের কোন ধারায় সংসদীয় শাসনব্যবস্থা সম্পর্কে বর্ণিত আছে?
(a) 82 (b) 81 (c) 80 (d) 79
150. ভারতের প্রশাসনিক আদালত কবে গঠিত হয়?
(a) 1972 (b) 1974 (c) 1976 (d) 1978
151. যদি M হয় N-এর পুত্র, N হয় O-এর মা, O হয় P -এর কন্যা, তাহলে P-এর সঙ্গে M -এর সম্পর্ক কী হবে?
(a) মা (b) বাবা (c) ভাই (d) বোন
152. নীচের সংখ্যাগুলির মধ্যে কোনটি ব্যতিক্রম?
7, 28, 36, 124, 215, 342, 511
(a) 28 (b) 215 (c) 124 (d) 7
153. বিবৃতি: (I) সকল জানালা হল দরজা
(II) কোনও দরজা তালা নয়
(III) কিছু তালা হল গেট
সিদ্ধান্ত: (I) কিছু তালা হল দরজা
(II) কিছু তালা দরজা নয়
(III) কিছু গেট দরজা নয়
(a) কেবলমাত্র I সঠিক (b) II ও III সঠিক (c) I অথবা II সঠিক (d) I, II ও III সঠিক নয়
154. ab __ b __ a __ a __ __ bc __ ca
(a) cccbab (b) ccbbab (c) cccabb (d) cbcbca
155. শূন্যস্থান পূর্ণ করুন:
P7, R9, T11, V13 ____?
(a) X17 (b) X15 (c) X19 (d) W15
156. 1, 2, 6, 15, 31 শ্রেণিটির পরবর্তী সংখ্যাটি কত?
(a) 47 (b) 50 (c) 56 (d) 63
157. প্রথম থেকে নবম বর্ণের বাঁদিকের পঞ্চম বর্ণের ডানদিকের সপ্তম বর্ণটি কী হবে?
(a) T (b) M (c) H (d) N
158.

| | | |
|---|---|---|
| 5 | 2 | 4 |
| 4 | 4 | 7 |
| 2 | 5 | 3 |
| 18 | 30 | ? |

(a) 42 (b) 43 (c) 32 (d) 33
159.




(a) 36 (b) 40 (c) 30 (d) 50
160. যদি '+' এর অর্থ '×', '−' এর অর্থ '+' এবং '×'-এর অর্থ '÷' হয়, তাহলে $5 + 4 - 18 \times 3 = ?$
(a) − 34 (b) 6 (c) 14 (d) 26
161. একটি সারিতে সমান দূরত্বে 7টি গাছ আছে। পাশাপাশি দু'টি গাছের মধ্যে দূরত্ব 4 মিটার হলে প্রথম ও শেষ গাছের মধ্যে দূরত্ব কত মিটার?
(a) 20 (b) 22 (c) 24 (d) 28
162. ঘড়িতে 9.30 সময় হলে ঘড়ির কাঁটা দু'টির মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হবে?
(a) 75° (b) 80° (c) 90° (d) 105°
163. নীচের ছক্কায় 4-এর বিপরীতে কোন সংখ্যাটি বসবে?




(a) 2 (b) 1 (c) 6 (d) 5

*এরপর বারোর পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

164. সূর্য, চাঁদ, অণু



(a) (b) (c) (d)

165. Coins : Mint : : Bricks : ?
(a) Foundry (b) Cemetry (c) Furnace (d) Kiln
166. 1 থেকে 400 পর্যন্ত জোড় সংখ্যাগুলির যোগফল কত?
(a) 160000 (b) 80200 (c) 40200 (d) কোনওটিই নয়
167. দু'টি তিন অঙ্কের সংখ্যার গ.সা.গু. হল 17 এবং তাদের ল.সা.গু. হল 714। সংখ্যাদু'টির যোগফল কত?
(a) 221 (b) 220 (c) 225 (d) 230
168. একটি লোক 3 মাসের উপার্জন 4 মাসে খরচ করে। এক বছরে তাঁর সঞ্চয় 10,860 টাকা। তাঁর মাসিক উপার্জন হয়:
(a) 3680 টাকা (b) 3650 টাকা (c) 3620 টাকা (d) 3600 টাকা
169. এক পরিবারের 10 জন ব্যক্তির কাছে 30 দিনের রেশন আছে। 10 দিন পর 2 জন মানুষ চলে গেল। এখন ওই অবশিষ্ট রেশন কতদিন চলবে?
(a) 25 (b) 64 (c) 66 (d) 69
170. জলকে বরফে পরিণত করলে 10% আয়তন বাড়ে। বরফ গলে জলে পরিণত হলে, কত% আয়তন কমে?
(a) $9\frac{1}{11}$ % (b) 10% (c) $9\frac{10}{11}$ % (d) 11%
171. এক ব্যক্তি একটি ব্যাঙ্কে পৃথকভাবে 55685 টাকা ও 52135 টাকা জমা রাখলেন। যদি 25 বছর পর সুদের পার্থক্য 7100 টাকা হয়। তবে ওই ব্যাঙ্কের বার্ষিক সুদের পার্থক্য কত?
(a) 7% (b) 7.5% (c) 8% (d) 8.5%
172. কোনও নির্দিষ্ট দূরত্ব নির্দিষ্ট কোনও গতিবেগে অতিক্রম করা হয়। যদি ওই দূরত্বের অর্ধেক দূরত্ব দ্বিগুণ গতিবেগে অতিক্রম করা হয়, তবে গতিবেগ দু'টির অনুপাত কত?
(a) 1 : 4 (b) 1 : 2 (c) 2 : 1 (d) 4 : 1
173. একটি নল 10 লিটার/ঘণ্টা গতিতে একটি চৌবাচ্চা খালি করে। কত সময়ে চৌবাচ্চাটির অর্ধেক খালি করবে যেটিতে 40 লিটার জল আছে?
(a) 4 ঘণ্টা (b) 5 ঘণ্টা (c) 2 ঘণ্টা (d) 3 ঘণ্টা
174. কোনও দ্রব্য 15% লাভে বিক্রয় করা হয়। ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের উভয়ই 56 টাকা কম হলে, 7% বেশি লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?
(a) 156 (b) 166 (c) 148 (d) 176
175. 1 মিনিট 12 সেকেন্ড, এক ঘণ্টার কত শতাংশ?
(a) 2% (b) 10% (c) 12% (d) 20%
176. আন্তর্জাতিক ব্যাঘ্র দিবস কবে পালিত হয়?
(a) 31 জুলাই (b) 30 জুলাই (c) 29 জুলাই (d) 28 জুলাই
177. বিশ্ব জলাভূমি দিবস কবে পালিত হয়?
(a) 1 ফেব্রুয়ারি (b) 2 ফেব্রুয়ারি (c) 3 ফেব্রুয়ারি (d) 4 ফেব্রুয়ারি
178. 'বাড়ি বদলে যায়' —উপন্যাসটির লেখক কে?
(a) স্বপন সরকার (b) রমাপদ চৌধুরি (c) রবিশঙ্কর বল (d) সুখরঞ্জন সেনগুপ্ত
179. 'Beyond the Lines' বইটির লেখক কে?
(a) যশবন্ত সিং (b) কুলদীপ নায়ার (c) ভি এস নইপাল (d) চেম্মানাম নকো
180. ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স 2018-তে ভারত কোন স্থানে আছে?
(a) 142 (b)140 (c) 138 (d) 136
181. গ্লোবাল ইনোভেশন ইনডেক্স 2018-তে ভারত কোন স্থানে?
(a) 53 (b) 55 (c) 57 (d) 59
182. কালিদাস সম্মান কে পেয়েছেন 2018 সালে?
(a) ইলা মেনন (b) সুভাষিণী মিস্ত্রি (c) প্রীতি সোনি (d) রচনা বিস্ত
183. লক্ষ্য সেন কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেনিস (b) ক্রিকেট (c) ফুটবল (d) ব্যাডমিন্টন
184. গোল্ডেন ম্যানবুকার প্রাইজ 2018 সালে কে পেয়েছেন?
(a) ক্ল্যারিউটেলর (b) হ্যানিমুলকি (c) আন্দ্রেস ম্যানুয়েল (d) মাইকেল ওন্দাতেজ
185. সুনীল ছেত্রি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) ক্রিকেট (c) অ্যাথলেটিক্স (d) টেনিস
186. ভারতীয় নৌবাহিনী কোন নৌবাহিনীর সঙ্গে 'PASSEX-18' মহড়ায় অংশগ্রহণ করেছিল?
(a) ইন্দোনেশিয়া (b) শ্রীলঙ্কা (c) অস্ট্রেলিয়া (d) বাংলাদেশ
187. ভারতীয় নৌবাহিনী ও কোন দেশের নৌবাহিনীর প্রথম মহড়া 'CORPAT':
(a) বাংলাদেশ (b) অস্ট্রেলিয়া (c) শ্রীলঙ্কা (d) ইন্দোনেশিয়া
188. ভারতের ১০০তম বিমানবন্দরটি কোথায় চালু হল?
(a) মেঘালয় (b) মনিপুর (c) নাগাল্যান্ড (d) সিকিম
189. 2018 সালে দাদাসাহেব ফালকে পুরস্কার কে পেয়েছেন?
(a) গুলজার (b) মনোজ কুমার (c) শশীকাপুর (d) বিনোদ খান্না
190. 65তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে সেরা ছবি/ফিল্ম নির্বাচিত হয়েছে কোনটি?
(a) নগর কীর্তন (b) ভিলেজ রকস্টার (c) কাসাভ (d) আব্বাস
191. দশম BRICS সম্মেলন কোথায় আয়োজিত হল:
(a) ব্রাজিল (b) রাশিয়া (c) দক্ষিণ আফ্রিকা (d) ভারত
192. চতুর্থ BIMSTEC সামিট কোথায় অনুষ্ঠিত হল:
(a) চিন (b) ভুটান (c) নেপাল (d) ভারত
193. UNICEF-এর প্রধান/সদর কার্যালয় কোথায়?
(a) প্যারিস (b) জেনেভা (c) রোম (d) নিউ ইয়র্ক
194. UNSECO-এর প্রধান/সদর কার্যালয় কোথায় অবস্থিত?
(a) প্যারিস (b) জেনেভা (c) রোম (d) নিউইয়র্ক
195. ISRO চেয়ারম্যান কে?
(a) কিরণ কুমার (b) শিবান কুমার (c) জি মাধবন (d) রামচন্দ্র রাও
196. ফ্লমিঙ্গো ফেস্টিভ্যাল কোন রাজ্যে পালিত হয়?
(a) কর্নাটক (b) কেরালা (c) অন্ধ্রপ্রদেশ (d) মহারাষ্ট্র
197. কেন্দ্রীয় সরকারের মহিলা ও শিশুকল্যার মন্ত্রক একটি অনলাইন সাইট চালু করল মহিলাদের স্বাবলম্বী করার জন্য। সেটি:
(a) মা (b) সুরক্ষা (c) নারী (d) শক্তি
198. মধুবনী কোন রাজ্যের লোকশিল্প?
(a) ওড়িশা (b) বিহার (c) ঝাড়খণ্ড (d) বাংলা
199. নগরকীর্তন সিনেমার পরিচালক কে?
(a) সুজিত মুখার্জি (b) কৌশিক গাঙ্গুলী (c) গৌতম ঘোষ (d) অঞ্জন দত্ত
200. কোন রাজ্য 'Go to village' প্রকল্প চালু করল?
(a) মেঘালয় (b) মনিপুর (c) নাগাল্যান্ড (d) অসম

### উত্তর

1(c), 2(d), 3(c), 4(c), 5(a), 6(a), 7(b), 8(a), 9(a), 10(d), 11(d), 12(a), 13(b), 14(c), 15(b), 16(c), 17(d), 18(b), 19(c), 20(a), 21(b), 22(a), 23(b), 24(b), 25(b), 26(b), 27(b), 28(b), 29(d), 30(c), 31(a), 32(d), 33(c), 34(d), 35(a), 36(a), 37(b), 38(d), 39(c), 40(a), 41(c), 42(b), 43(c), 44(d), 45(b), 46(d), 47(b), 48(a), 49(d), 50(d), 51(b), 52(a), 53(c), 54(d), 55(b), 56(b), 57(d), 58(c), 59(c), 60(c), 61(a), 62(b), 63(c), 64(b), 65(b), 66(b), 67(b), 68(d), 69(b), 70(a), 71(d), 72(d), 73(a), 74(a), 75(a), 76(a), 77(a), 78(b), 79(a), 80(a), 81(c), 82(a), 83(c), 84(a), 85(a), 86(c), 87(b), 88(b), 89(d), 90(b), 91(a), 92(b), 93(a), 94(d), 95(a), 96(a), 97(a), 98(b), 99(c), 100(a), 101(b), 102(a), 103(d), 104(b), 105(a), 106(a), 107(a), 108(a), 109(a), 110(a), 111(b), 112(b), 113(b), 114(b), 115(a), 116(a), 117(c), 118(b), 119(b), 120(b), 121(c), 122(c), 123(b), 124(a), 125(a), 126(c), 127(b), 128(a), 129(d), 130(c), 131(b), 132(a), 133(d), 134(c), 135(b), 136(a), 137(d), 138(c), 139(b), 140(a), 141(d), 142(c), 143(b), 144(a), 145(d), 146(c), 147(b), 148(a), 149(d), 150(b), 151(a), 152(a), 153(d), 154(a), 155(b), 156(c), 157(d), 158(d), 159(c), 160(d), 161(c), 162(d), 163(c), 164(b), 165(d), 166(c), 167(a), 168(c), 169(a), 170(a), 171(c), 172(d), 173(c), 174(d), 175(a), 176(c), 177(b), 178(b), 179(b), 180(c), 181(c), 182(a), 183(d), 184(d), 185(a), 186(a), 187(a), 188(d), 189(d), 190(b), 191(c), 192(c), 193(d), 194(a), 195(b), 196(c), 197(c), 198(b), 199(b), 200(b).

প্রস্তুত করেছেন: অনির্বাণ হাজরা
উচ্চপদস্থ সরকারি আধিকারিক

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

সোভিয়েত ইউনিয়ন (d) রাশিয়া ও চিন
32. 'দেবসমাজ' প্রতিষ্ঠা করেছিলেন:
(a) দেবেন্দ্রনাথ ঠাকুর (b) স্বামী দয়ানন্দ সরস্বতী (c) স্বামী বিবেকানন্দ (d) শিবনারায়ণ অগ্নিহোত্রী
33. 'ক্লারেন্স হাউস' কার বাসভবন?
(a) কানাডার প্রধানমন্ত্রী (b) ব্রিটিশ রয়্যাল ফ্যামিলি (c) ব্রিটিশ প্রধানমন্ত্রী (d) দি প্রিন্স অফ ওয়েলস এবং দি ডাচেস অফ কর্নওয়াল
34. স্পাইডারম্যান চরিত্রের স্রষ্টা হলেন:
(a) ফ্রাঙ্ক মিলর (b) ওয়াল্ট সিম্পসন (c) অ্যান্টনি স্টার্ক (d) স্ট্যান লি
35. 'A New Experience' কোন রাজ্যের পর্যটনের স্লোগান?
(a) হিমাচল প্রদেশ (b) মেঘালয় (c) অসম (d) ঝাড়খণ্ড
36. 'আর্যভট্ট রিসার্চ ইনস্টিটিউট ফর অবজারভেশনাল সায়েন্স' কোথায় অবস্থিত?
(a) ভোপাল (b) নৈনিতাল (c) করাইকুড্ডি (d) গুরুগ্রাম
37. ফুটবলে কে প্রথম পদ্মশ্রী পুরস্কার পান?
(a) বাইচুং ভুটিয়া (b) চুনি গোস্বামী (c) অমল দত্ত (d) গোষ্ঠ পাল
38. কৈলাস সত্যার্থী কত সালে নোবেল পুরস্কার পান?
(a) 2013 (b) 2012 (c) 2014 (d) 2015
39. 'হাবু শর্মা' কার ছদ্মনাম?
(a) নারায়ণ গঙ্গোপাধ্যায় (b) অমৃতলাল বসু (c) তারাপদ রায় (d) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
40. লক্ষ্য সেন কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেবিল টেনিস (b) ব্যাডমিন্টন (c) দাবা (d) কুস্তি
41. রাগবি খেলায় প্রতি দলে কতজন করে খেলোয়াড় থাকে?
(a) 15 জন (b) 12 জন (c) 11 জন (d) 9 জন
42. ভারত সরকারের 'First Law Officer' কাকে বলা হয়?
(a) কেন্দ্রীয় অর্থ মন্ত্রী (b) কম্পট্রোলার অ্যান্ড অডিট জেনারেল (c) অ্যাটর্নি জেনারেল (d) সলিসিটর জেনারেল
43. প্রকৃতিগতভাবে ভারতের সংবিধান হল:
(a) নমনীয় (b) অনমনীয় (c) দুষ্পরিবর্তনীয় (d) অংশত নমনীয়, অংশত অনমনীয়
44. 'Right to Information' হল:
(a) ব্যক্তিগত অধিকার (b) মৌলিক কর্তব্য (c) অহিনত অধিকার (d) মৌলিক অধিকার
45. 'র‍্যাঙ্কস অ্যান্ড ফাইলস' কোন খেলায় আছে?
(a) দাবা (b) ব্যাডমিন্টন (c) কবাডি (d) হকি
46. অমৃতা প্রীতম নীচের কোন বইটির জন্য 1982 সালে জ্ঞানপীঠ পুরস্কার পান?
(a) সাত মুসাফির (b) কাগজ তে ক্যানভাস (c) কোরা কাগজ (d) পিঞ্জর
47. 'যেতে পারি, কিন্তু কেন যাবো' বইটি কার লেখা?
(a) জয় গোস্বামী (b) ঋত্বিক ঘটক (c) জীবনানন্দ দাশ (d) শক্তি চট্টোপাধ্যায়
48. রাধানাথ রায় কোন ভাষার প্রসিদ্ধ কবি ছিলেন?
(a) ওড়িয়া (b) নেপালি (c) অসমিয়া (d) তেলুগু
49. 'হেম নলিনী' রবীন্দ্রনাথের কোন উপন্যাসের একটি চরিত্র?
(a) চার অধ্যায় (b) চোখের বালি (c) নৌকাডুবি (d) শেষের কবিতা
50. সত্যজিৎ রায় পরিচালিত নীচের কোন ছবির শুটিং বেনারসে হয়েছিল?
(a) সোনার কেল্লা (b) অপরাজিত (c) শতরঞ্জ কি খিলাড়ি (d) অপুর সংসার
51. গোলাকার একটি পথের ভিতরের পরিধি 352 মিটার এবং বাইরের অংশের পরিধি 396 মিটার, পথটির বেধ কত?
(a) 44 মিটার (b) 7 মিটার (c) 22 মিটার (d) 14 মিটার
52. A-র আয় B-র আয়ের 15%-র সমান এবং B-র আয়ের 10% C-র আয়ের 20%-এর সমান। যদি C-র আয় 2000 টাকা হয় তবে, A, B, C-এর মোট আয় কত?
(a) 6000 টাকা (b) 18000 টাকা (c) 12000 টাকা (d) 9000 টাকা
53. একটি সংখ্যা তৃতীয় একটি সংখ্যা থেকে যথাক্রমে 30% ও 40% কম। তাহলে দ্বিতীয় সংখ্যাটি প্রথম সংখ্যার কত শতাংশ?
(a) 70% (b) $85\frac{5}{7}$ % (c) $116\frac{2}{3}$ % (d) 75%
54. স্রোতের প্রতিকূলে একটি নৌকা 10 মিনিটে যায় 1 কিলোমিটার এবং স্রোতের অনুকূলে 6 মিনিটে যায় 1 কিলোমিটার। স্রোতের গতিবেগ:
(a) 4 কিমি/ঘণ্টা (b) 2 কিমি/ঘণ্টা (c) 1 কিমি/ঘণ্টা (d) 10 কিমি/ঘণ্টা
55. একটি বর্গক্ষেত্রের দৈর্ঘ্য 30% বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কত শতাংশ বৃদ্ধি পাবে?
(a) 71% (b) 60% (c) 69% (d) 30%
56. রাম একট নির্দিষ্ট দূরত্ব 3 কিলোমিটার/ঘণ্টা গতিবেগে গিয়ে 15 মিনিট দেরিতে পৌঁছায়। যদি সে 4 কিলোমিটার/ঘণ্টা গতিবেগে যায় তবে 15 মিনিট আগে পৌঁছয়। রামের দ্বারা অতিক্রান্ত দূরত্ব কত?
(a) 5 কিলোমিটার (b) 24 কিলোমিটার (c) 12 কিলোমিটার (d) 6 কিলোমিটার
57. 12টি পেন্সিলের ক্রয়মূল্য 10টি পেন্সিলের বিক্রয়মূল্যের সমান। কত শতাংশ লাভ ক্ষতি হবে?
(a) 20% লাভ (b) 10% ক্ষতি (c) 15% ক্ষতি (d) 20% ক্ষতি
58. নির্দিষ্ট পরিমাণ টাকার সুদ, আসলের $\frac{1}{9}$ অংশ এবং সুদের হার এবং টাকা রাখার সময় সমান হলে সুদের হার কত?
(a) $\frac{100}{9}$ % (b) $\frac{10}{9}$ % (c) $\frac{10}{3}$ % (d) $\frac{100}{3}$ %
59. 10 সেমি ব্যাসার্ধের একটি গোলককে গলিয়ে 8টি গোলাকার বল তৈরি করা হল। এই বলগুলির প্রত্যেকটির ব্যাসার্ধ সমান। তাহলে বলগুলির ব্যাসার্ধ কত হবে?
(a) 5 সেমি (b) 10 সেমি (c) 1 সেমি (d) 4 সেমি
60. 25 জন লোক 4 দিয়ে আয় করে 810 টাকা। 12 জন লোক 15 দিনে কত টাকা আয় করবে?
(a) 1460 টাকা (b) 1458 টাকা (c) 1500 টাকা (d) 2000 টাকা
61. 80 জন লোক 100 দিনে আয় করে 200 টাকা। 90 জন লোক 100 দিনে কত টাকা আয় করবে?
(a) 205 টাকা (b) 220 টাকা (c) 225 টাকা (d) 230 টাকা
62. 5824* সংখ্যাটি 11 দিয়ে বিভাজ্য হলে (*) কত হবে?
(a) 2 (b) 3 (c) 5 (d) 6
63. কত টাকার 4 বছরে 7% হারে সরল সুদ হয় 70 টাকা?
(a) 300 (b) 250 (c) 400 (d) 700
64. A একটি কাজ 12 দিনে ও B একটি কাজ 15 দিনে করে। তারা মিলিত হয়ে কাজটি কতদিনে করবে?
(a) $6\frac{3}{5}$ দিনে (b) $6\frac{2}{3}$ দিনে (c) 5 দিনে (d) 6 দিনে
65. একটি ত্রিভুজের ক্ষেত্রফল 1176 বর্গসেমি ও তার ভূমি ও উচ্চতার অনুপাত 3 : 4 হলে, এই ত্রিভুজের উচ্চতা কত সেমি?
(a) 42 (b) 52 (c) 54 (d) 56
66. কোনও বিক্রেতা একটি জিনিস 480 টাকায় বিক্রি করে 20% ক্ষতি করে। তা কত টাকায় বিক্রি করলে 20% লাভ হবে?
(a) 800 (b) 760 (c) 720 (d) 680
67. কিছু টাকা তিন জনের মধ্যে 3 : 4 : 5 অনুপাতে ভাগ করে দেওয়া হল। তৃতীয় জন যদি 10 টাকা পায়, তবে প্রথম জন কত টাকা পাবে?
(a) 6 টাকা (b) 8 টাকা (c) 24 টাকা (d) 4 টাকা
68. বর্গাকার একটি বাগানের প্রত্যেক প্রান্তে সমান দূরত্বে 14টি করে পোস্ট আছে। তাহলে চারটি বাহুর ওপর মোট ক'টি পোস্ট থাকবে?
(a) 56 (b) 52 (c) 44 (d) 60

### উত্তর

1(b), 2(b), 3(a), 4(c), 5(c), 6(b), 7(b), 8(a), 9(b), 10(d), 11(d), 12(a), 13(a), 14(b), 15(d), 16(a), 17(b), 18(a), 19(d), 20(d), 21(b), 22(d), 23(b), 24(b), 25(c), 26(c), 27(b), 28(b), 29(a), 30(d), 31(c), 32(d), 33(d), 34(d), 35(d), 36(b), 37(d), 38(c), 39(d), 40(b), 41(a), 42(c), 43(d), 44(c), 45(a), 46(b), 47(d), 48(a), 49(c), 50(b), 51(b), 52(b), 53(b), 54(b), 55(c), 56(d), 57(a), 58(c), 59(a), 60(b), 61(c), 62(c), 63(b), 64(b), 65(d), 66(c), 67(a), 68(b).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ ও পলাশ কান্তি মণ্ডল

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

## সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

60(b): সোনা 19, তামা 9

মিশ্রণ 15

15 – 9 = 6, 19 – 15 = 4

সোনা : তামা = 6 : 4 = 3 : 2.

61(b): প্রতি জনের গড় প্রাপ্য = $\frac{156}{39}$ = 4 টাকা

বালিকা 6, বালক 3

গড় 4

4 – 3 = 1, 6 – 4 = 2

বালিকা : বালক = 1 : 2

∴ বালিকার সংখ্যা = $\left(\frac{1}{1+2}\right) \times 39 = 13.$

62(c): দুধের ভগ্নাংশের ওপর বিমিশ্র প্রক্রিয়া:

$\frac{5}{7}$, 0

$\frac{4}{9}$

$\frac{4}{9} - 0 = \frac{4}{9}$, $\frac{5}{7} - \frac{4}{9} = \frac{17}{63}$

মিশ্রণ : জল = $\frac{4}{9} : \frac{17}{63} = 28 : 17$

84 লিটার মিশ্রণে $\frac{84}{28} \times 17 = 51$ লিটার।

63(c): প্রতি ঘণ্টায় গড় দূরত্ব যায় $\frac{80}{8}$ = 10 কিলোমিটার

হেঁটে 8, সাইকেলে 16

গড় 10

16 – 10 = 6, 10 – 8 = 2

সময়ের অনুপাত = 6 : 2 = 3 : 1.

64(b): 1 লিটার দুধের ক্রয়মূল্য = 1 টাকা।

1 লিটার দুধের বিক্রয়মূল্য = 1 টাকা এবং লাভ = $16\frac{2}{3}\% = \frac{50}{3}\%$

1 লিটার মিশ্রণের ক্রয়মূল্য = $\frac{100 \times 3 \times 1}{350} = \frac{6}{7}$ টাকা

1 লিটার জলের দাম 0, 1 লিটার দুধের দাম 1

গড় দাম $\frac{6}{7}$

$1 - \frac{6}{7} = \frac{1}{7}$, $\frac{6}{7} - 0 = \frac{6}{7}$

জল : দুধ = $\frac{1}{7} : \frac{6}{7} = 1 : 6.$

65(a): লভ্যাংশের অনুপাত = মূলধনের অনুপাত = 5000 : 3000 : 12000 = 5 : 3 : 12

মানসীর লভ্যাংশ = $\left(\frac{12}{5+3+12}\right) \times 3{,}200 = 12 \times 160 = 1{,}920$ টাকা।

66(b): লভ্যাংশের অনুপাত = মূলধনের অনুপাত ⇒ (3,000 × 15 + 2,500 × 7) : (4,500 × 15) = (30 × 15 + 25 × 7) : (45 × 15) = 625 : 675 = 25 : 27

আব্রাহামের লভ্যাংশ = $\left(\frac{27}{25+27}\right) \times 5{,}200 = \frac{27}{52} \times 5{,}200 = 2{,}700$ টাকা।

67(b): লভ্যাংশের অনুপাত = মূলধনের অনুপাত = (5000 × 12 + 1000 × 9) : (6000 × 12) : (7000 × 3 + 2000 × 9)
= (5 × 12 + 9) : (6 × 12) : (7 × 3 + 2 × 9) = 69 : 72 : 39
= 23 : 24 : 13

রমেনের লভ্যাংশ = $\left(\frac{23}{23+24+13}\right) \times 4{,}320 = \frac{23}{60} \times 4{,}320 = 1{,}656$ টাকা।

68(c): স্থির জলে বেগ = $\frac{1}{2}$(অনুকূলে বেগ + প্রতিকূলে বেগ) = $\frac{1}{2}$ (10 + 4) = 7 কিমি/ঘণ্টা।

69(d): 1 ঘণ্টায় ছিদ্রটির দ্বারা খালি হওয়া জলাধারের অংশ = $\frac{1}{15} - \frac{1}{20} = \frac{1}{60}$

ছিদ্রটি পূর্ণ জলাধারকে 60 ঘণ্টায় খালি করবে।

70(c): A 10 দিনে $\frac{1}{8}$ অংশ করে, বাকি $\frac{7}{8}$ অংশ B 42 দিনে করে

1 দিনে B $\left(\frac{7}{8} \times \frac{1}{42}\right) = \frac{1}{48}$ অংশ করে

A + B, 1 দিনে $\left(\frac{1}{80} + \frac{1}{48}\right) = \frac{1}{30}$ অংশ করে

A + B একত্রে কাজটি 30 দিনে করতে পারবে।

71(c): সেঁজুতির কাজের অংশ = $1 - \frac{7}{11} = \frac{4}{11}$

(রণিতা + ললিতা) : সেঁজুতি = $\frac{7}{11} : \frac{4}{11} = 7 : 4$

সেঁজুতির টাকার অংশ = $\left(\frac{4}{7+4}\right) \times 1{,}650 = \frac{4}{11} \times 1{,}650 = 4 \times 150$ = 600 টাকা।

72(b): স্রোতের অনুকূলে বেগ = $\frac{60}{6}$ = 10 কিমি/ঘণ্টা

প্রতিকূলে বেগ = $\frac{60}{10}$ = 6 কিমি/ঘণ্টা

স্রোতের বেগ = $\frac{1}{2}$ (অনুকূলে বেগ – প্রতিকূলে বেগ) = $\frac{1}{2}$ (10 – 6) = 2 কিমি/ঘণ্টা।

73(b): পরস্পর বিপরীতমুখী হওয়ায় তাদের আপেক্ষিক বেগ = বেগদ্বয়ের সমষ্টি = (40 + 32) = 72 কিমি/ঘণ্টা = $72 \times \frac{5}{18}$ = 20 মিটার/ সেকেন্ড

[1 কিমি/ঘণ্টা = $\frac{5}{18}$ মিটার/ সেকেন্ড]

নির্ণেয় সময় = $\frac{\text{দুটি ট্রেনের দৈর্ঘ্যের সমষ্টি}}{\text{আপেক্ষিক বেগ}} = \frac{121+99}{20}$ = 11 সেকেন্ড।

74(c): মানুষের সাপেক্ষে ট্রেনের আপেক্ষিক বেগ = (25 + 5) = 30 কিমি/ঘণ্টা = $30 \times \frac{5}{18} = \frac{25}{3}$ মিটার/সেকেন্ড

ট্রেনের দৈর্ঘ্য = $\frac{25}{3} \times 12$ = 100 মিটার

ট্রেনের বেগ = 25 কিমি/ঘণ্টা = $25 \times \frac{5}{18} = \frac{125}{18}$ মিটার/সেকেন্ড

ওই বেগে 18 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব = $\frac{125}{18} \times 18$ = 125 মিটার।

(প্লাটফর্ম + ট্রেনের দৈর্ঘ্য) = 125 মিটার
প্লাটফর্মের দৈর্ঘ্য = 125 – 100 = 25 মিটার।

75(c): নির্ণেয় দূরত্ব = $\frac{\text{বেগদ্বয়ের গুণফল}}{\text{বেগদ্বয়ের অন্তরফল}}$ × সময়ের পার্থক্য

= $\frac{60 \times 75}{75-60}$ (9.00 – 8.30) = 300 × (30 মিনিট) = 300 × ($\frac{1}{2}$ ঘণ্টা) = 150 কিলোমিটার।

76(a): $t_1 \times v_1 = t_2 \times v_2 \Rightarrow 30 \times v_1$

$= 45 \times 40 \Rightarrow v_1 = \frac{45 \times 40}{30}$ = 60 কিমি/ঘণ্টা।

77(d): $I = \frac{Prt}{100}$, এখানে $I = \frac{P}{4}$, t = 5, r = ?

$\frac{P}{4} = \frac{P \times r \times 5}{100} \Rightarrow 5r \times 4 = 100 \Rightarrow r = 5\%.$

78(a): লাভের শতকরা হার = ( $\frac{\text{বিক্রয়মূল্য – ক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য}}$ × 100)%

$= \left(\frac{11-10}{10} \times 100\right)\% = 10\%.$

79(c): নতুন ক্ষেত্রফল = $\left(1 + \frac{10}{100}\right)\left(1 - \frac{10}{100}\right) = \frac{11}{10} \times \frac{9}{10} = \frac{99}{100}$

ক্ষেত্রফল হ্রাস পাবে

হ্রাসের পরিমাণ = $1 - \frac{99}{100} = \frac{1}{100} = 1\%.$

80(a): ছাত্রের সংখ্যা = 100 – 60 = 40

শ্রেণির গড় নম্বর = $\frac{\text{(ছাত্রী × তাদের গড়) + (ছাত্র × তাদের গড়)}}{\text{মোট ছাত্রছাত্রী}}$

$= \frac{60 \times 55 + 40 \times 45}{100} = \frac{3300 + 1800}{100} = 33 + 18 = 51.$

81(b): অযুগ্ম স্থানের অঙ্কসমূহের সমষ্টি = * + 9 + 3 = 12 + *
যুগ্মস্থানের অঙ্কসমূহের সমষ্টি = 3 + 9 + 2 = 14
11 দ্বারা বিভাজ্য হবে যদি 12 + * = 14 ⇒ * = 2
আবার এককের ঘরে 2 অর্থাৎ যুগ্ম সংখ্যা থাকায় সংখ্যাটি 2 দ্বারা বিভাজ্য হবে অর্থাৎ 2 × 11 = 22 দ্বারা বিভাজ্য হবে।

82(c): 4, 9, 12-র ল.সা.গু. = 36
⇒ সংখ্যাগুলি 36 দ্বারা বিভাজ্য হবে এবং 100 ও 200-র মধ্যে থাকবে।
সংখ্যাগুলি: 36 × 3, 36 × 4, 36 × 5 = 108, 144, 180;
সমষ্টি = 432.

83(d): 100 ও 200-র মধ্যে অবস্থিত 4, 9, 12 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলি = 108, 144, 180; কিন্তু প্রতি ক্ষেত্রে 3 ভাগশেষ থাকবে এরূপ সংখ্যা = 108 + 3, 144 + 3, 180 + 3 = 111, 147, 183; এদের সমষ্টি = 441.

84(b): নির্ণেয় বৃহত্তম সংখ্যা = (39 – 3), (49 – 4), (55 – 1) = 36, 45, 54-এর গ.সা.গু. = 9.

85(d): 1016 – 952 = 64 = 16 × 4, 1064 – 1016 = 48 = 16 × 3
1064 – 952 = 112 = 16 × 7
নির্ণেয় বৃহত্তম সংখ্যা = (64, 48, 112)-এর গ.সা.গু. = 16.

86(a): 62 – 49 = 13, 93 – 80 = 13, 124 – 111 = 13
প্রতি ক্ষেত্রে ভাজক অপেক্ষা ভাগশেষ 13 কম।
নির্ণেয় সংখ্যার সঙ্গে 13 যোগ করলে যোগফল 62, 93, 124 দ্বারা বিভাজ্য হবে।
62 = 31 × 2, 93 = 31 × 3
124 = 31 × 2 × 2 (62, 93, 124)-এর ল.সা.গু. = 31 × 2 × 2 × 3 = 372
∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 372 – 13 = 359.

87(b): 825 = 3 × 5 × 5 × 11
715 = 5 × 11 × 13
715-এর যে-কোনও গুণিতকের 5, 11, 13 উৎপাদক থাকবে। 825-কে 715-এর সেই উৎপাদক দ্বারা গুণ করতে হবে, যেটি 825-এ নেই, নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 13.

88(d): 48 = 12 × 2 × 2, 72 = 12 × 2 × 3
96 = 12 × 2 × 2 × 2; (48, 72, 96)-এর ল.সা.গু. = 12 × 4 × 3 × 2 = 288।
যান্ত্রিক সংকেত আবার 288 সেকেন্ড = 4 মিনিট 48 সেকেন্ড পর একসঙ্গে পরিবর্তিত হবে।
তারা আবার 8 : 4 : 48 ঘণ্টায় একসঙ্গে পরিবর্তিত হবে।

89(a): প্রথম সংখ্যা = 2 × 44, দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.

অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{প্রথম সংখ্যা}} = \frac{264 \times 44}{2 \times 44} = 132.$

90(b): নির্ণেয় বৃহত্তম দৈর্ঘ্য = (7 মিটার, 3 মিটার 85 সেন্টিমিটার ও 12 মিটার 95 সেন্টিমিটার)-র গ.সা.গু. = (700, 385, 1295) সেন্টিমিটার-এর গ.সা.গু. = 35 সেন্টিমিটার।

91(c): নতুন সদস্যের ওজন = পুরনো সদস্যদের গড় ওজন + 4 × 3 = 120 + 12 = 132 পাউন্ড।

92(a): উত্তীর্ণ 36, অনুত্তীর্ণ 16

32

32 – 16 = 16, 36 – 32 = 4

উত্তীর্ণ : অনুত্তীর্ণ = 16 : 4 = 4 : 1

উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা = $\left(\frac{4}{4+1}\right) \times 100 = 80.$

93(b): গড় মূল্য

= $\frac{\text{12টি জামার মোট মূল্য + 12টি প্যান্টের মোট মূল্য + 6 জোড়া জুতোর মোট মূল্য}}{\text{মোট সামগ্রীর সংখ্যা}}$

$= \frac{12 \times 150 + 12 \times 250 + 6 \times 150}{12 + 12 + 6} = \frac{1{,}800 + 3{,}000 + 900}{30} = \frac{5{,}700}{30}$

= 190 টাকা।

94(c): গড়বেগ = $\frac{2 \times 45 \times 55}{45 + 55}$ = 49.5 কিমি/ঘণ্টা।

95(d): ষষ্ঠ সংখ্যা = প্রথম 6টির সমষ্টি + শেষ 6টির সমষ্টি – 11টির সমষ্টি
= 6 × 98 + 6 × 104 – 11 × 100 = 588 + 624 – 1100 = 112.

96(b): প্রথম : দ্বিতীয় = 3 : 4 = 15 : 20
দ্বিতীয় : তৃতীয় = 5 : 8 = 20 : 32
দুটি অনুপাতে দ্বিতীয়টিকে সমান করতে হবে।
প্রথম : দ্বিতীয় : তৃতীয় = 15 : 20 : 32

দ্বিতীয় সংখ্যা = $\frac{20}{15 + 20 + 32} \times 402 = \frac{20}{67} \times 402 = 20 \times 6 = 120.$

97(a): B-র কাজটি শেষ করতে কম সময় লাগবে।

B-র সময় = $\left(\frac{100}{100+50}\right) \times 30 = \frac{100}{150} \times 30$ = 20 দিন

A একদিনে কাজটির $\frac{1}{30}$ অংশ এবং B $\frac{1}{20}$ অংশ করে।

উভয়ে একত্রে 1 দিনে কাজটির $\frac{1}{30} + \frac{1}{20} = \frac{2+3}{60} = \frac{5}{60} = \frac{1}{12}$ অংশ করে।
উভয়ে 12 দিনে করবে।

98(a): প্রথম অনুপাত = 7 : 5
দ্বিতীয় অনুপাত = 7 : 9
D = দুটি অনুপাতের অংশগুলির গুণফলের পার্থক্য = 7 × 9 – 7 × 5 = 28

প্রথম অনুপাতের সাধারণ উৎপাদক = $\frac{\text{তুলে নেওয়া তরলের পরিমাণ}}{\text{প্রথম অনুপাতের অংশদ্বয়ের সমষ্টি}}$ + $\frac{\text{তুলে নেওয়া তরলের পরিমাণ} \times \text{দ্বিতীয় অনুপাতের প্রথম অংশ}}{D}$

$= \frac{9}{7+5} + \frac{9 \times 7}{28} = \frac{9}{12} + \frac{9}{4} = 3$

A = 7 × 3 = 21 লিটার, B = 5 × 3 = 15 লিটার।

99(b): মূল্যের অনুপাত = 6 : 3 : 1, সংখ্যার অনুপাত

$= \left(6 \times \frac{100}{200}\right) : \left(3 \times \frac{100}{100}\right) : \left(1 \times \frac{100}{50}\right) = 3 : 3 : 2$

1 টাকার মুদ্রার সংখ্যা = $\frac{3}{3+3+2} \times 320 = 120.$

100(c):

| | জল | দুধ | নতুন মিশ্রণে |
|---|---|---|---|
| প্রথম পাত্র | $\frac{1}{3}$ | $\frac{2}{3}$ | $\frac{1}{5}$ |
| দ্বিতীয় পাত্র | $\frac{2}{7}$ | $\frac{5}{7}$ | $\frac{4}{5}$ |

নতুন মিশ্রণে জল : দুধ = $\left(\frac{1}{3} \times \frac{1}{5} + \frac{2}{7} \times \frac{4}{5}\right) : \left(\frac{2}{3} \times \frac{1}{5} + \frac{5}{7} \times \frac{4}{5}\right)$

$= \left(\frac{1}{15} + \frac{8}{35}\right) : \left(\frac{2}{15} + \frac{20}{35}\right) = 155 : 370 = 31 : 74.$

প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে ৩১০ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

*প্রথম পাতার পর*

অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। এছাড়া লিগাল ও ফিনান্স শাখার ক্ষেত্রে থাকবে অতিরিক্ত পেশাদারি বিষয়ে প্রশ্ন। মোট সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে ইংরেজিতে ডেসক্রিপটিভ ধরনের (৩০ নম্বর) প্রশ্ন হবে লেটার রাইটিং এবং এসে রাইটিং বিষয়ে। ফেজ-টু পরীক্ষা ২ মার্চ।

পরীক্ষা হবে দেশ জুড়ে বিভিন্ন কেন্দ্রে। পশ্চিমবঙ্গে ফেজ-ওয়ান পরীক্ষার কেন্দ্র কলকাতা ও বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, হুগলি, কল্যাণী। ফেজ-টু পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.newindia.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৬ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালিতে হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা আই এম পি এস বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

তফসিলি এবং ও বি সি প্রার্থীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেওয়া হবে। যাবতীয় তথ্যের জন্য আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.newindia.co.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বোকারো স্টিল প্লান্টে ট্রেনি নার্স

৩০ জন ট্রেনি নার্স নেবে বোকারো স্টিল প্লান্ট। প্রথমে ২ বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে জুনিয়র স্টাফ নার্স পদে। প্রবেশন ১ বছরের। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSL/R/2018-01.

**মোট শূন্যপদ:** ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা নার্সিংয়ে বি এসসি। নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়া বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি কোনও হসপিটাল বা নার্সিংহোমে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২৬-১২-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৫০ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৪৩ সেমি হতে হবে। ওজন পুরুষদের ক্ষেত্রে অন্তত ৪০ কেজি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ৩৫ কেজি হতে হবে।

**স্টাইপেন্ড:** ট্রেনিংয়ের প্রথম বছরে প্রতি মাসে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে প্রতি মাসে ১২,২০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ১৬,৮০০-২৪,১১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল বা ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in দরখাস্তের শেষ তারিখ ২৬ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। এছাড়া নগদে ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়, এস বি আই কালেক্টের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর-সহ সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফল বেরোল

**ইউ পি এস সি দ্বারা পরিচালিত ২০১৮-র ইন্ডিয়ান ইকনমিক** সার্ভিস ও ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশনের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

□

**স্টাফ সিলেকশন কমিশন দ্বারা পরিচালিত ২০১৭-র** স্টেনোগ্রাফার গ্রেড সি ও ডি পদে নিয়োগের স্কিল টেস্টের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

# এয়ারফোর্সে এয়ারম্যান

*প্রথম পাতার পর*

উচ্চমাধ্যমিক। ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর-সহ পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ পেয়ে থাকতে হবে। অথবা নির্দিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার যে-কোনওটিতে সরকার অনুমোদিত পলিটেকনিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। সেক্ষেত্রে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ইঞ্জিনিয়ারিং শাখার তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.airmenselection.cdac.in

গ্রুপ 'ওয়াই'-এর ক্ষেত্রে: যে-কোনও শাখায় ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। তবে মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি পড়ে থাকতে হবে।

গ্রুপ 'এক্স'-এর মতো শিক্ষাগত যোগ্যতা থাকলে দু'টি গ্রুপের জন্যই আবেদন করা যাবে। পরীক্ষা হবে একইসঙ্গে। ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে পাশ করলে গ্রুপ 'ওয়াই' এবং ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স বিভাগে পাশ করলে 'এক্স' গ্রুপের জন্য নির্বাচিত হওয়া যাবে। উভয় বিভাগেই পাশ করলে দুই গ্রুপের জন্যই মনোনীত হওয়া যাবে। সেক্ষেত্রে প্রার্থীর মেধা, প্রবণতা ইত্যাদির ভিত্তিতে গ্রুপ নির্ধারিত হবে। ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাধারীরা শুধু গ্রুপ 'এক্স'-এর জন্য আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ:** ১৯-১-১৯৯৯ থেকে ১-১-২০০৩-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। অপারেশনস অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে ওজন অন্তত ৫৫ কেজি হতে হবে। ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। ৬ মিটার দূরত্ব থেকে চাপা স্বরের কথা দু'কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্ট, অ্যাডাপ্টেবিলিটি টেস্ট, দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন টেস্টে অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স এবং গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ১ ঘণ্টার ও গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ মিনিটের পরীক্ষা। দুই গ্রুপের পরীক্ষার জন্য মোট সময় ১ ঘণ্টা ২৫ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ১০টি পুশ আপ, ১০টি সিট আপ এবং ২০টি স্কোয়াট।

ট্রেনিংয়ের সময় প্রতি মাসে ১৪,৬০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। শুরুতে মাইনে— গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ৩৩,১০০ টাকা ও গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ২৬,৯০০ টাকা। মাস্টার ওয়ারেন্ট অফিসার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airmenselection.cdac.in ২ থেকে ২১ জানুয়ারি পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০-৫০ কেবি), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (১০-৫০ কেবি), সই (১০-৫০ কেবি), অভিভাবকের সই (প্রার্থীর বয়স ১৮ বছরের কম হলে) আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নৌবাহিনীতে ২৫০০ নাবিক

*প্রথম পাতার পর*

জেনারেল নলেজের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) ও ১০টি পুশ আপ।

প্রথমে ২২ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে আই এন এস চিলিকায়। এরপর ট্রেড অনুসারে প্রফেশনাল ট্রেনিং দেওয়া হবে দেশের বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ প্রতি মাসে ১৪,৬০০ টাকা পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সম্ভাবনা রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ১৪ থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (নীল ব্যাকগ্রাউন্ড) এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন।

ফি বাবদ দিতে হবে ২০৫ টাকা। তফসিলিদের ফি দিতে লাগবে না। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- **Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001** অথবা মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৯** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. বর্তমান ভারতের জাতীয় পতাকা কবে সাংবিধানিক সভায় গৃহীত হয়েছিল?
   A. ২২ জুলাই, ১৯৪৭ B. ১৫ আগস্ট, ১৯৪৭ C. ২৬ জানুয়ারি, ১৯৫১
2. পি এন ঠাকুর ছদ্মনামে কোন ভারতীয় বিপ্লবী ভারত থেকে জাপানে গিয়েছিলেন?
   A. মানবেন্দ্রনাথ রায় B. রাসবিহারী বসু C. সুভাষচন্দ্র বসু
3. ভ্যাটিকানের সৈন্যবাহিনীর নাম কী?
   A. দ্য ভ্যাটিকান ফোর্স B. দ্য ন্যাশনাল গার্ড C. দ্য সুইস গার্ড
4. সৈয়দ আলাওল রচিত প্রসিদ্ধ অনুবাদ কাব্যের নাম কী?
   A. *লায়লা মজনু* B. *পদ্মাবতী* C. *শর্মিষ্ঠা*
5. *কড়ি দিয়ে কিনলাম* উপন্যাসটির রচয়িতা কে?
   A. সমরেশ বসু B. বিমল কর C. বিমল মিত্র
6. পুরাণ কত ভাগে বিভক্ত?
   A. ১৮ B. তিন C. ১২
7. *গড ফাদার* কার লেখা?
   A. জেমস হেডলি চেজ B. মারিও পুজো C. জর্জ অরওয়েল
8. ইংরেজি *গীতাঞ্জলির* ভূমিকা কে লিখেছিলেন?
   A. পি বি শেলি B. জন কিটস C. ডব্লু বি ইয়েটস
9. রবীন্দ্রনাথকে 'গুরুদেব' বলে কে প্রথম সম্মানিত করেন?
   A. মহাত্মা গান্ধি B. ব্রহ্মবান্ধব উপাধ্যায় C. জগদীশচন্দ্র বসু
10. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে?
    A. ভগিনী নিবেদিতা B. সরোজিনী নাইডু C. ইন্দিরা গান্ধি
11. লাক্ষাদ্বীপ কোন সাগরে অবস্থিত?
    A. বঙ্গোপসাগর B. ভারত মহাসাগর C. আরব সাগর
12. পৃথিবীর সবথেকে দ্রুতগামী ঝড়ের নাম কী?
    A. টর্পেডো B. হারিকেন C. টাইফুন

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে X চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র** এক ডজন ক্যুইজ

Name: ..........................................

Address: ..........................................

..........................................

..........................................

..........................................

Pin Code: ..........................................

Ph./Mob. No.: ..........................................

ডিসেম্বর, ২০১৮

আগস্ট, ২০১৮ ক্যুইজের উত্তর: 1-A, 2-C, 3-A, 4-A, 5-C, 6-A, 7-B, 8-B, 9-B, 10-A, 11-A, 12-A

আগস্ট, ২০১৮ ক্যুইজে পুরস্কার জয়ী ; কিংশুক চক্রবর্তী, জলপাইগুড়ি; পল্লব মিত্র, নদীয়া; রীতা মণ্ডল, মালদা; শর্মিলা মিত্র, কলকাতা; সৌরভ দাস, হুগলি। পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাজাগন ডকে ৭৮৮

*প্রথম পাতার পর*

সমতুল। সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন এ সি) পরীক্ষায় পাশ করে থাকতে হবে। শিট মেটাল ওয়ার্কার ট্রেডে এন এ সি থাকলেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ট্রেনি স্ট্রাকচারাল ফেব্রিকেটর পদে নিয়োগ করা হবে। অন্য কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারী প্রার্থীদের যদি স্ট্রাকচারাল ফিটার পদে মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকে তাহলে তাঁরাও আবেদনের যোগ্য।

**ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল শাখায় ড্রাফটসম্যান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**ইলেক্ট্রিক ক্রেন অপারেটর:** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। অভিজ্ঞতা না থাকলে ট্রেনি ইলেক্ট্রিক ক্রেন অপারেটর পদে নিয়োগ করা হবে।

**ইলেক্ট্রিশিয়ান:** ৪৪টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১১, ও বি সি ১০)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

**ইলেক্ট্রনিক মেকানিক:** ১২টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**ফিটার:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ফিটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। তবে, অন্য কোনও ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে ফিটার পদে মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে।

**মেশিনিস্ট:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেশিনিস্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**পাইপ ফিটার:** ৮টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ৭)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। প্লাম্বার ট্রেডে এন এ সি-সহ মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে। তবে অভিজ্ঞতা না থাকলে ট্রেনি পাইপ ফিটার পদে নিয়োগ করা হবে।

**কোয়ালিটি কন্ট্রোল ইনস্পেক্টর (মেকানিক্যাল):** ৭টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ডিপ্লোমা অথবা স্বীকৃত টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় সমতুল নম্বর-সহ পাশ করে থাকতে হবে।

**সেফটি ইনস্পেক্টর:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং এবং ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা। সেন্ট্রাল লেবার ইনস্টিটিউট বা ন্যাশনাল সেফটি কাউন্সিল দ্বারা অনুমোদিত সেফটি, হেলথ অ্যান্ড এনভায়রনমেন্টের সার্টিফিকেট কোর্স বা ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স করে থাকলে অথবা কোনও প্রতিষ্ঠানে হেলথ, সেফটি অ্যান্ড এনভায়রনমেন্ট বিভাগে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**ইউটিলিটি হ্যান্ড (স্কিলড):** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ড্রাইভার:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক অথবা নেভি বা এয়ারফোর্সে ইন্ডিয়ান আর্মি ক্লাস-ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সঙ্গে বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বৈধ হেভি ডিউটি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার।

**স্টোর কিপার:** ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক, সঙ্গে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা। মেটেরিয়াল ম্যানেজমেন্ট এবং কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**সেমি স্কিল্ড-২:** ইউটিলিটি হ্যান্ড (সেমি-স্কিল্ড): ১৪১টি (সাধারণ ৭০, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৩৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। সংশ্লিষ্ট কাজে কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফায়ার ফাইটার:** ৩১টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৭)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ফায়ার ফাইটিংয়ে অন্তত ৬ মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। বৈধ হেভি ডিউটি ভেহিক্যাল লাইসেন্স থাকতে হবে।

মোট শূন্যপদের মধ্যে ৮টি শূন্যপদ শ্রবণ ও ৮টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও ৭টি শূন্যপদ একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত। তাঁরা ইউটিলিটি হ্যান্ড (সেমি-স্কিল্ড) এবং ইলেক্ট্রিক ক্রেন অপারেটর ছাড়া অন্য যে-কোনও ট্রেডের শূন্যপদে আবেদন করতে পারবেন।

ফিটার, পাইপ ফিটার, স্ট্রাকচারাল ফেব্রিকেটর, ইউটিলিটি হ্যান্ড-স্কিল্ড এবং ইলেক্ট্রিক ক্রেন অপারেটর পদের ক্ষেত্রে অন্য কোনও ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে যদি মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট পদে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকে তাহলেও আবেদন করা যাবে।

সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১১-২০১৮ তারিখে ৩৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মূল বেতন:** স্কিল্ড (ইন্ডাস্ট্রিয়াল ডি এ-৬) ক্যাটেগরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে মাসিক ৮,০০০ ও ৮,০৮০ টাকা, স্কিল্ড (ইন্ডাস্ট্রিয়াল ডি এ-৫) ক্যাটেগরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে মাসিক ৭,৫০০ ও ৭,৫৭৫ টাকা, স্কিল্ড (ইন্ডাস্ট্রিয়াল ডি এ-৯) ক্যাটেগরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে মাসিক ১০,০০০ টাকা এবং ১০,১০০ টাকা, সেমি-স্কিল্ড (ইন্ডাস্ট্রিয়াল ডি এ-৪এ) ক্যাটেগরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে মাসিক ৭,২৫০ টাকা ও ৭,৩২৩ টাকা, সেমি-স্কিল্ড (ইন্ডাস্ট্রিয়াল ডি এ-২) ক্যাটেগরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে মাসিক ৬,০০০ টাকা ও ৬,০৬০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে এবং অভিজ্ঞতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazdock.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, প্রার্থী যে-কোনও দু'টি পদের জন্য আবেদন করতে পারবেন। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর। দরখাস্তের সময় একটি প্রভিশনাল রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। দরখাস্তের সময় জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (সাদা ব্যাকগ্রাউন্ডে, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নেভিতে ৪০০ স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট

*প্রথম পাতার পর*

সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি: শেফ ও স্টুয়ার্ড পদের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ ভালো চোখে ৬/৯, খারাপ চোখে ৬/১২। হাইজিনিস্ট পদের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০, চশমা-সহ ভালো চোখে ৬/৯, খারাপ চোখে ৬/২৪।

ট্রেনিং শুরু হবে আই এন এস চিলিকায়। ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং। তার পর প্রফেশনাল ট্রেনিং হবে বিভিন্ন ন্যাভাল এস্টাবলিশমেন্টে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ মাসে ১৪,৬০০ টাকা পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সম্ভাবনা রয়েছে।

প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। তালিকাভুক্ত প্রার্থীদের মধ্য থেকে বাছাই হবে কম্পিউটার বেসড পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। সময়সীমা ৩০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠ-বস), ১০টি পুশ-আপ। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৪ থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (নীল ব্যাকগ্রাউন্ড) এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন। ফি বাবদ দিতে হবে ২০৫ টাকা। তফসিলিদের ফি দিতে লাগবে না। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বরোদা ব্যাঙ্কে ৭০০

*প্রথম পাতার পর*

টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। এ ছাড়া ব্যাঙ্ক কর্তৃপক্ষ মনে করলে, গ্রুপ ডিসকাশন বা পার্সোন্যাল ইন্টারভিউ বা সাইকোমেট্রিক টেস্টও নিতে পারে। অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও পেশাদারি বিষয় (৭৫ নম্বর)। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৬ ডিসেম্বর। অনলাইন দরখাস্ত সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ জমা দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রামকৃষ্ণ মিশনে কারিগরি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ওয়েল্ডিং (গ্যাস, ইলেক্ট্রিক, আর্ক), টিগ ও মিগ, টু-হুইলার ও থ্রি-হুইলার রিপেয়ারিং ও মেন্টেন্যান্স এবং মোবাইল ফোন রিপেয়ারিং ও মেন্টেন্যান্সের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির। ওয়েল্ডিং, টু-হুইলার ও থ্রি-হুইলার রিপেয়ারিং ও মেন্টেন্যান্স এবং মোবাইল ফোন রিপেয়ারিং ও মেন্টেন্যান্স কোর্সের মেয়াদ ৬ মাস। টিগ-মিগ কোর্সের মেয়াদ ৩ মাস। প্রতিটি কোর্সের ক্ষেত্রেই সপ্তাহে ৩ দিন ক্লাস। সবক'টি কোর্সের ক্ষেত্রেই এককালীন ফি ৩,৫০০ টাকা। টিগ-মিগ কোর্সের ক্ষেত্রে কোনও মাসিক ফি নেই। অন্য কোর্সগুলির ক্ষেত্রে মাসিক ফি ১৫০ টাকা। যে-কোনও কাজের দিন প্রতিষ্ঠানের অফিসে গিয়ে ভর্তি হওয়া যাবে। ভর্তির শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮০০১-২৪৪১৩ (ওয়েল্ডিং ও টিগ-মিগ), ৯৬৮১৪-৬৪১৫৬ (টু-হুইলার ও থ্রি-হুইলার রিপেয়ারিং ও মেন্টেন্যান্স), ৯৯৩২২-৪১৫৫৮ (মোবাইল ফোন রিপেয়ারিং ও মেন্টেন্যান্স)। যোগাযোগের ঠিকানা: রামকৃষ্ণ মিশন জনশিক্ষামন্দির, বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২।


স্বনির্ভরতার লক্ষ্যে

## পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

## প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জানুয়ারির প্রতিযোগিতার জন্য ডিসেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জানুয়ারির মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**